পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 207 Thursday, 27 June, 2024 ✱ ২৯ বর্ষ, ২০৭ সংখ্যা ✱ ১২ আষাঢ়, ১৪৩১, বৃহস্পতিবার, ২৭ জুন, ২০২৪ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

বুলডোজারের সামনে আমি দাঁড়াব শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ ট্রায়াঙ্গুলার পার্ক থেকে যদুবাবুর বাজার, কলকাতা থেকে শিলিগুড়ি, রাজ্যের সর্বত্র চলছে হকার উচ্ছেদ অভিযান। রাজপথে নেমেছে বুলডোজার। গুঁড়িয়ে দেওয়া হচ্ছে হাজার হাজার ঝুপড়ি দোকান। চোখে জল হকারদের। যা নিয়ে বিগত কয়েকদিন ধরেই চাপানউতোর চলছে বঙ্গ রাজনীতির আঙিনায়। এবার ফুঁসে উঠল বিজেপি। মমতার আল্টিমেটামের পর এবার একেবারে মমতাকেই আল্টিমেটাম দিয়ে দিলেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। প্রয়োজনে তিনি নিজে বুলডোজারের সামনে দাঁড়াবেন। এদিন সাংবাদিক বৈঠক করে সোচ্চারে বললেন সে কথা। একইসঙ্গে এই ইস্যুতে লাগাতার মমতা সরকারের তুলোধনাও করলেন। সাংবাদিক বৈঠক থেকেই সুর চড়িয়ে বললেন, যা হচ্ছে তা একেবারেই মানবতা বিরোধী কাজ। বললেন, ‘‘বেহালাতে বুলডোজার নিয়ে গিয়ে গুড়িয়ে দেওয়া হয়েছে। হকারদের জিনিসপত্র সরানোর সুযোগ দেওয়া হয়নি।

যেভাবে লালবাজারের পুলিশরা কাজ করছেন, যেভাবে অন্যায়ভাবে পুলিশের প্রিজন ভ্যানে তুলে নিয়ে আসার ছবি সামনে এসেছে, সেটাকে হকার উচ্ছেদ বা জনগণের স্বার্থের কাজ বলা যায় না। এটা মানবতা বিরোধী কাজ। লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে ২৯টা আসন পাওয়ার দম্ভের বহিঃপ্রকাশ। পুরসভা এলাকায় হারের তীব্র যন্ত্রণার বহিঃপ্রকাশ বলে আমি মনে করি।’’ প্রসঙ্গত, সোমবারই আবার হকার উচ্ছেদ নিয়ে সব জেলার জেলাশাসক, পৌরসভা, সচিব এবং পুলিশ সুপারদের নিয়ে বৈঠকে বসছেন মমতা। ইতিমধ্যেই বৈঠকের কথা নবান্নের তরফে জেলাশাসকদের জানানোও হয়েছে। সেই বৈঠকের কথা মনে করিয়ে আল্টিমেটাম দিয়েছেন শুভেন্দু। সাফ বলছেন, আগামীকাল সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা না হলে আগামী পরশু থেকে যেখানে হকার উচ্ছেদ হবে সেখানেই বাধা দেওয়া হবে। সাফ বলেন, ‘‘বিজেপির কার্যকর্তা থেকে পশ্চিমবঙ্গের জনগণ, এলাকার ক্লাবগুলিকে অনুরোধ করছি যেখানেই নোটিস ছাড়া উচ্ছেদ হবে সেখানেই বাধা দিন। কী করবে? গ্রেফতার করবে? নোটিস ছাড়া কোথাও উচ্ছেদের খবর আমার কাছে এলে প্রয়োজনে আমি বুলডোজারের সামনে, পুলিশের সামনে দাঁড়ানোর জন্য প্রস্তুত আছি। আমাদের বিধায়কদেরও একই অনুরোধ করব।’’

বুলডোজার নামিয়ে হকার উচ্ছেদ কলকাতার নানা প্রান্তে!

ভাঙল শয়ে শয়ে ঝুপড়ি, গুঁড়িয়ে গেল সাজানো পসরা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ হকার উচ্ছেদ করার প্রয়োজনীয়তা নিয়ে কড়া মেজাজের সুর সোমবারই শোনা গেছিল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের গলায়। তার পর থেকেই জল্পনা ঘনিয়েছিল, খুব তাড়াতাড়ি ওঠানো হবে শহরের বেআইনি হকারদের, জবরদখল করা ফুটপাতগুলি পুনরুদ্ধার করতে তৎপর হবে পুরসভা। হলও তাই। রীতিমতো বুলডোজার চলল শহরের বুকে। আজ, বুধবার সকাল থেকেই বুলডোজার নিয়ে বেআইনি দখলমুক্ত করার কাজ চালাতে শুরু করেছেন পুর আধিকারিকরা। বেহালা, ভবানীপুর, গড়িয়াহাট, শিয়ালদহ, আলিপুর, থেকে শুরু করে নিউটাউন পর্যন্ত- জবরদখল উঠিয়ে ফুটপাত উদ্ধারে সকাল থেকেই পথে নেমেছে পুলিশ এবং পুরসভা। কোথাও কোথাও চলেছে বুলডোজারও। এদিন সকালে বেনিয়াপুকুর থানার উদ্যোগে উল্টে দেওয়া হয় একাধিক দোকানপাট। নিউটাউনের অবৈধ দোকান উচ্ছেদ ঘিরে রীতিমতো ধুন্ধুমার বেধে যায়। দোকান ভাঙতে পুলিশকে বাধা দেন দোকান মালিকরা। পুলিশের সঙ্গে দোকানদারদের বচসা বাড়তে থাকে। কোল ভবনের সামনে রাস্তায় হকারদের জমায়েত দেখা যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিধাননগর পুলিশের বিশাল পুলিশ বাহিনী পৌঁছয় ঘটনাস্থলে। ছিলেন ডিসি নিউটাউন মানব সিংলা এবং নিউটাউন থানার আইসি কল্লোল ঘোষ। এনকেডিএ-র এর পক্ষ থেকে মাইকিংও করা হয়। আলিপুরের অবস্থা আরও খারাপ। আলিপুর চিড়িয়াখানার আশপাশে রাস্তার উপর দেড়শোরও বেশি দোকান রয়েছে। মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পরে এই হকারদের সরে যাওয়ার জন্য বারবারই জানিয়েছিল পুলিশ। কিন্তু তাতেও ফুটপাত খালি না হওয়ায়, বুধবার সকালে কলকাতা পুরসভার পে লোডার এনে একের পর এক ঝুপড়ি দোকান ভেঙে ফেলা হয়। হকারদের জিনিসপত্র গুঁড়িয়ে দেওয়া হয়। এই পরিস্থিতিতেই বৃহস্পতিবার ফের নবান্নে হকার উচ্ছেদ নিয়ে জরুরি বৈঠক ডেকেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কলকাতা, বিধাননগর-সহ পুর নিগম ও পুরসভার চেয়ারম্যান, সমস্ত জেলার পুলিশ সুপার ও জেলা শাসকদের ওই বৈঠকে উপস্থিত থাকতে বলা হয়েছে। কলকাতা, হাওড়া ও বিধাননগর কমিশনারেটের অধীনে সমস্ত থানার ওসি, আইসিদেরও সশরীরে নবান্নের বৈঠকে থাকতে হবে। নবান্নের এই নির্দেশিকা নিয়ে ইতিমধ্যেই নতুন করে উদ্বেগের স্রোত বইতে শুরু করেছে পুলিশ ও প্রশাসনের মধ্যে। সূত্রের খবর, শহরের একাংশ বাসিন্দা যেমন হকার উচ্ছেদের সিদ্ধান্তকে সমর্থন জানাচ্ছেন তেমনই রাতারাতি বেশ কিছু মানুষের রুটিরুজি হারানো নিয়েও অনেকে প্রশ্ন তুলছেন। কারণ, যাদের উচ্ছেদ করা হচ্ছে, তাদের সকলেই অল্প কিছুদিন দোকান করে বসে রয়েছেন এমনটা নয়। এদের মধ্যে অনেকেই প্রায় ১০ বছরের বেশি সময় ধরে ফুটপাতে দোকান করে রয়েছেন। এদিনও উচ্ছেদ করতে যাওয়া পুলিশ কর্মীদের পা ধরে অনেক হকারকে কাঁদতে দেখা যায়। সূত্রের খবর, এ ব্যাপারে কোনও একটি পলিসি ঠিক করতে পারেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবারের বৈঠক থেকে এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন তিনি।

‘মানুষের পাশে যেতে হবে’

মন্ত্রীদের ডেকে বিশেষ বার্তা মমতার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ লোকসভা ভোটে বাংলায় তৃণমূলের ব্যাপক সাফল্যের পর বুধবার মমতার মন্ত্রিসভার প্রথম বৈঠক। সূত্রের খবর, ক্যাবিনেট বৈঠকের পরে বৈঠকের একেবারে শেষের দিকে উঠে আসে লোকসভা ভোটের ফলাফলের প্রসঙ্গ। বাংলা থেকে এবার আসন আরও বাড়িয়েছে তৃণমূল। ৪২টি আসনের মধ্যে ২৯টি লোকসভা কেন্দ্রের দখল নিয়েছে ঘাসফুল শিবির। তবে যে সব জায়গায় ফল তুলনামূলকভাবে খারাপ হয়েছে, সেই সব এলাকার মন্ত্রীর নাম ধরে ধরে বিশেষ বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, সেই সব মন্ত্রীদের নাম ধরে ধরে মুখ্যমন্ত্রী বলেছেন, ‘মানুষের পাশে যেতে হবে। মানুষের জন্য কাজ করতে হবে। না হলে ভোটে জেতা যাবে না। আগামী দিনে এটা মাথায় রেখে কাজ করতে হবে।’’ উল্লেখ্য, এবারের লোকসভা ভোটে তৃণমূলের সাফল্য এলেও বেশ কিছু পকেটের রেজাল্ট ঘাসফুল শিবিরকে হতাশ করেছে বলেই কানাঘুষো তৃণমূলের অন্দরমহলে। বিশেষ করে শহরাঞ্চলের ভোটব্যাঙ্কের ফলাফল নিয়ে কাটাছেঁড়া শুরু হয়েছে। ‘ফ্ল্যাটের ভোট’ ও ‘ঝুপড়ির ভোট’ নিয়ে তৃণমূলের বর্ষীয়ান সাংসদ সৌগত রায়ের সাম্প্রতিক এক মন্তব্য সেই বিতর্কে আরও ঘৃতাহুতি করেছে। এসবের মধ্যেই বুধবার ক্যাবিনেট বৈঠকের শেষে মন্ত্রীদের উদ্দেশে মুখ্যমন্ত্রীর এই বার্তা স্বাভাবিকভাবেই যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে রাজনৈতিক মহল। লোকসভা ভোট পরবর্তী সময়ে গত সোমবারই ঝালদা, তাহেরপুর বাদে বাকি সব পুরসভাগুলিকে নিয়ে বৈঠকে বসেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠকেও মন্ত্রী-বিধায়ক থেকে শুরু করে আমলা, কেউই বাদ যাননি মুখ্যমন্ত্রীর ‘বকাবকি’ থেকে। প্রসঙ্গত অবৈধ ভাবে সরকারি জায়গা দখল হয়ে যাওয়া নিয়ে গত সোমবার রাজ্যের বিভিন্ন পুরসভা ও পুরনিগমের চেয়ারম্যান এবং মেয়রদের বিভিন্ন বিষয়ে ধমক দেন মুখ্যমন্ত্রী

মমতা বন্দ্যোপাধ্যায়। তার পর থেকেই বেদখল হয়ে যাওয়া জমি দখলমুক্ত করতে তৎপর পুরসভাগুলি। রাজ্যের জায়গায় জায়গায় শুরু হয়েছে দখলদার উচ্ছেদ অভিযান। আর তা নিয়েই এ বার নতুন করে বৈঠক ডাকলেন মুখ্যমন্ত্রী মমতা। বৃহস্পতিবার দুপুরে নবান্ন সভাঘরের ওই বৈঠকে থাকতে বলা হয়েছে বিভিন্ন জেলার জেলাশাসক, বিভিন্ন দফতরের আমলা, কলকাতার পুলিশ কমিশনার-সহ বিভিন্ন কমিশনারেটের কমিশনার এবং কর্তাদের। রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকদেরও ওই বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর, দখলদার উচ্ছেদ অভিযান কী ভাবে চলছে, তাতে কোনও বদল ঘটাতে হবে কি না, সে সব নিয়ে পর্যালোচনা হতে পারে এই বৈঠকে। আলোচনা হতে পারে উচ্ছেদ অভিযানের পরবর্তী পদক্ষেপ নিয়েও। উল্লেখ্য, সোমবার নবান্ন সভাঘরে পুরসভাগুলির চেয়ারম্যান, পুরনিগমগুলির মেয়র এবং প্রশাসনিক আধিকারিকদের ডেকেছিলেন মুখ্যমন্ত্রী। ওই বৈঠকে রাজ্যের পুর পরিষেবা নিয়ে তীব্র ক্ষোভপ্রকাশ করেন তিনি। রাজ্যের বিভিন্ন পুরসভায় পানীয় জল, আবাসন, পরিচ্ছন্নতা থেকে শুরু করে জায়গা দখল করে অস্থায়ী দোকান খোলা নিয়ে সরব হন মমতা। এ নিয়ে মমতার ভর্ৎসনার মুখে পড়তে হয় মন্ত্রী-বিধায়কদেরও। সরাসরি কয়েক জনের নাম উল্লেখ করেও ক্ষোভপ্রকাশ করেন মমতা। তার পরেই পরিষেবা নিয়ে তৎপর হয় বিভিন্ন পুরসভা। মুখ্যমন্ত্রীর ধমকের পর সোমবার থেকেই পদক্ষেপ করা শুরু হয়েছিল কোথাও কোথাও। মঙ্গলবার সকাল থেকে সেই তৎপরতা আরও বাড়ে। কলকাতা, বিধাননগর থেকে আসানসোল, শিলিগুড়ি পুরনিগম সব জায়গাতেই দখলমুক্তি অভিযান শুরু হয়েছে। সরকারি জমিতে তৈরি হওয়া অবৈধ নির্মাণও ভেঙে ফেলা হয়েছে বিভিন্ন জায়গায়। সেই নিয়েই বিস্তারিত আলোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা বৃহস্পতিবার পুলিশকর্তা এবং রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন বলে খবর।

ওম বিড়লাই স্পিকার নির্বাচিত

‘বিরোধীরা জনগণের কণ্ঠ’, স্পিকারকে পক্ষপাতহীন হওয়ার পরামর্শ রাহুলের

নয়াদিল্লি, ২৬ জুনঃ ১৮ তম লোকসভার স্পিকার নির্বাচিত হলেন ওম বিড়লা। বুধবার লোকসভায় ধ্বনি ভোটে নির্বাচিত হয়েছেন তিনি। বিজেপি তথা এনডিএ আগের লোকসভার স্পিকার ওম বিড়লাকেই দ্বিতীয়বারের জন্য বেছে নেয়। অন্যদিকে, কংগ্রেস-সহ ইন্ডিয়া জোটের তরফে প্রার্থী ছিলেন প্রবীণ সাংসদ কে সুরেশ। তিনি কংগ্রেসের এমপি। লক্ষণীয় হল স্বাধীনতার পর এই প্রথম স্পিকার নির্বাচনে লড়াই হলেও বিরোধীরা শেষ পর্যন্ত ডিভিশন বা ভোটাভুটি চায়নি। ধ্বনি ভোটে নির্বাচিত হল ওম বিড়লা। একদিকে জোট নির্ভর নরেন্দ্র মোদি সরকারকে বিরোধীরা শুরু থেকেই চাপে রাখার কৌশল নিয়েছে। অন্যদিকে, সরকারও যে প্রতি আক্রমণে প্রস্তুত বুধবার নতুন লোকসভার প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনে স্পিকার নির্বাচনের পর থেকেই তা স্পষ্ট হয়ে গেল। বিজেপির ওম বিড়লা দ্বিতীয়বার লোকসভার স্পিকার নির্বাচিত হওয়ার পর রাহুল গান্ধি, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, তৃণমূলের সুদীপ বন্দ্যোপাধ্যায়, এনসিপির সুপ্রিয়া সুলহেরা তাঁকে অভিনন্দন জানানোর পাশাপাশি দলের উর্ধ্বে উঠে ‘সবকা সাথ’ থাকার পরামর্শ দিয়েছেন। রাহুল গান্ধি সরাসরি বলেছেন, সরকারের সংখ্যা বেশি বটে, কিন্তু স্পিকারকে মনে রাখতে হবে বিরোধীরাও জনগণের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন। তাঁদেরও কণ্ঠ ছাড়ার সুযোগ দিতে হবে। বিগত লোকসভায় ওম বিড়লার স্পিকার হিসাবে ভূমিকার ঘুরিয়ে সমালোচনা করেন অখিলেশ, সুদীপ, সুপ্রিয়ারা। রাহুল সংক্ষিপ্ত ভাষণেই একাধিকবার সংবিধান মেনে চলার কথা বলেন স্পিকারকে। বরাবরের মতো হাসিমুখেই বিরোধীদের কথা শুনেছেন বিড়লা। বুধবার তিনি দ্বিতীয়বার স্পিকার নির্বাচিত হওয়ার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, ‘‘আমাদের স্পিকারের মুখে সর্বদা হাসি। তিনি সকলের পছন্দের মানুষ হতে পারার এটাও একটা কারণ।’’ প্রধানমন্ত্রী জানান, ওম বিড়লা এক বিরল রাজনীতিক যিনি সারা বছর গরিব মানুষের পাশে থাকেন। দুঃস্থদের নানাভাবে সাহায্য করে থাকেন। প্রধানমন্ত্রী বুধবার প্রথা মেনে তাঁর মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে সাংসদদের পরিচয় করিয়ে দেন। এরপর বলতে উঠে স্পিকার ওম বিড়লা বলেন, ‘‘২৫ জুন স্বাধীন ভারতের ইতিহাসে এক অন্ধকারময় দিন। ১৯৭৫ সালের এই দিন মাঝরাতে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধি জরুরি অবস্থা জারি করে দেশবাসীর মৌলিক অধিকার হরণ করেছিলেন। তিনি বিরোধী নেতাদের জেলে পুরে দেন। সংবাদমাধ্যমের স্বাধীনতা কেড়ে নেন। অনেক সাংবাদিককে গ্রেফতার করেন। বহু মানুষ পুলিশি নির্যাতনের শিকার হন।’’ এই বলে স্পিকার ঘোষণা করেন, জরুরি অবস্থা এবং তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরার ভূমিকার নিন্দা করে এই সভা প্রস্তাব গ্রহণ করছে। এরপর জরুরি অবস্থার সময় রাষ্ট্রীয় নিপীড়নে বলি নাগরিকদের স্মরণে দু মিনিট নীরবতা পালন করার কথা ঘোষণা করেন। তার আগে অবশ্য অধিকাংশ বিরোধী সাংসদ সভা ছেড়ে বেরিয়ে যান। স্পিকারের এই ভূমিকা থেকে স্পষ্ট বিরোধীরা যতই তাঁকে নিরপেক্ষ থাকার কথা বলুক না কেন, সুযোগ পেলে তিনিও ছাড়বেন না। রাজনৈতিক মহল মনে করছে, আসলে স্পিকারকে দিয়ে শাসক দলই বার্তা দিল বিরোধীরা আগের বারের তুলনায় সংখ্যায় বেশি হলেও সরকার চুপ করে থাকবে না। স্পিকারও বলেন, ‘‘আমি কারও বিরুদ্ধে ব্যবস্থা নিতে চাই না। কিন্তু সদস্যদের মনে রাখতে হবে তাঁদেরও সংসদের মর্যাদা রক্ষা করে চলা দরকার।’’

কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সময়সীমা আর বাড়াল না হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ দুই দফায় রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার সময়সীমা বাড়িয়েছিল কলকাতা হাইকোর্ট। প্রথমে ২১ জুন পর্যন্ত, তারপর ২৬ জুন পর্যন্ত। তবে এবার আর নতুন করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা নিয়ে কোনও নির্দেশ দিল না আদালত। কেন্দ্রীয় বাহিনী রাখার সময়সীমা নতুন করে বাড়াল না কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। আদালত জানিয়েছে, সন্ত্রাস কবলিত এলাকায় শান্তি বজায় রাখতে সমস্ত পদক্ষেপ করবে রাজ্য। রাজ্য ব্যর্থ হলে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন-সহ সমস্ত উপযুক্ত পদক্ষেপ করতে পারবে কেন্দ্র। বুধবার এ কথা জানিয়ে দিল হাইকোর্টের বিচারপতি হরিশ ট্যান্ডন ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। উল্লেখ্য, বাংলায় সাত দফা ভোট পর্ব মোটের উপর শান্তিতে মিটলেও, ভোট পরবর্তী সময়ে বেশ কিছু জায়গায় অশান্তি ও গোলমালের অভিযোগ উঠে এসেছিল। মূলত বিরোধী শিবির থেকেই অভিযোগ তোলা হচ্ছিল। বিজেপির তরফে দাবি করা হচ্ছিল, তাদের বহু কর্মী-সমর্থক অশান্তির শিকার হয়েছেন, প্রচুর কর্মী ভয়ে ঘরছাড়া বলেও দাবি পদ্ম শিবিরের। এই আবহের মধ্যেই ভোট পরবর্তী সময়েও বাংলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার আর্জি গিয়েছিল আদালতে। পরবর্তী শুনানিতে সেই সময়সীমা আরও বাড়িয়ে ২৬ জুন পর্যন্ত করার নির্দেশ দিয়েছিল আদালত।

‘একজনও ডিভিশন চাইলে ব্যবস্থা করতে হয় সরকারকে’

স্পিকার বাছাই নিয়ে অসন্তোষ অভিষেকের

নয়াদিল্লি, ২৬ জুনঃ স্পিকার পদ নিয়ে জটিলতা ছিল শুরু থেকেই। তৃতীয়বার মোদি সরকার ক্ষমতায় আসার পর থেকেই প্রশ্ন উঠছিল, কে হবেন স্পিকার? ধারা বজায় রেখে স্পিকার পদে আবারও ওম বিড়লাকেই বেছে নিয়েছে বিজেপি। তবে বাধ সাধে কংগ্রেস তথা ইন্ডিয়া জোট। স্পিকার নির্বাচন নিয়ে সাংসদরা একমত না হওয়ায় বিরোধীরাও প্রার্থী দেন। বুধবার সকাল ১১টায় ধ্বনিভোটে পাশ হওয়ার পর স্পিকার পদে বসেছেন ওম বিড়লা। কিন্তু বিরোধীদের প্রশ্ন, সাংসদ নেই।’’ অবৈধ, অসাংবিধানিক ও অনৈতিকভাবে সরকার চালানো হচ্ছে বলেও মন্তব্য করেছেন তিনি। বিরোধীরা চাইলেও ধ্বনিভোটেই কেন স্পিকার বাছাই করা হল? এই প্রশ্নের মুখে অভিষেক বলেন, ‘‘এ ব্যাপারে প্রোটেম স্পিকারকে প্রশ্ন করুন। উনি চেয়ারে বসেছিলেন, উনিই উত্তর দিতে পারবেন।’’ আরও স্পষ্ট করে অভিষেক বলেন, ‘‘নিয়ম হল ৫০০ জন সদস্যের মধ্যে একজন চাইলেও ‘ডিভিশন’-এর মাধ্যমে ভোটাভুটির

‘ডিভিশন’-এর ব্যবস্থা না করে ধ্বনিভোট করে ঠিক করেনি বিজেপি। নিয়ম লঙ্ঘন করা হয়েছে বলে এদিন সব হন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দাবি, সংসদের কোনও সদস্য যদি ‘ডিভিশন’ চান, তাহলে প্রোটেম স্পিকারের উচিত ডিভিশনের ব্যবস্থা করা। তিনি জানিয়েছেন, লোকসভার ফুটেজ দেখলেই বোঝা যাবে, বিরোধী দলের অনেক সাংসদই এদিন ‘ডিভিশন’-এর মাধ্যমে স্পিকার বাছাই করতে চেয়েছিলেন। কেন্দ্রীয় সরকার তথা বিজেপিকে নিশানা করে অভিষেক বলেন, ‘‘এই পরিস্থিতিই বলে দিচ্ছে, বিজেপির হাতে যথেষ্ট ব্যবস্থা করা উচিত।’’ আর এদিন কংগ্রেস সহ একাধিক দল ‘ডিভিশন’ চেয়েছিল বলে জানিয়েছেন তিনি। উল্লেখ্য, ধ্বনিভোটের ক্ষেত্রে ‘হ্যাঁ’ বা ‘না’ কোনটার সংখ্যা বেশি, তার উপর ভিত্তি করেই নির্বাচন হয়, আর ডিভিশনের ক্ষেত্রে সংসদের প্রত্যেক সদস্য ইলেকট্রনিক মেশিনে ভোট দিয়ে নিজেদের মত জানাতে পারেন। এদিন সকাল ১১ টাতেই ধ্বনিভোটে স্পিকার পদে নির্বাচিত হন এনডিএ মনোনীত প্রার্থী ওম বিড়লাই। তাঁকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অভিনন্দন জানান বিরোধী দলনেতা রাহুল গান্ধিও। তাঁরা ওম বিড়লাকে নিয়ে গিয়ে স্পিকারের আসনে বসান।

বিকাশ ভবনের গুদামে তল্লাশি সিবিআইয়ের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ নিয়োগ দুর্নীতির তদন্তে ফের বিকাশভবনে পৌঁছল সিবিআইয়ের দল। বুধবার বিকেলে প্রাথমিক নিয়োগ দুর্নীতির তদন্তে রাজ্যের শিক্ষা দফতরের প্রধান কার্যালয় বিকাশ ভবনে যান সিবিআই আধিকারিকরা। সূত্রের খবর, সেখানে আগে থেকে সিল করে রাখা প্রাথমিক শিক্ষা দফতরের গুদামে তল্লাশি চালান তাঁরা। বুধবার বিকেল ৩টে নাগাদ বিকাশ ভবনে পৌঁছন সিবিআই আধিকারিকরা। সোজা পৌঁছে যান ৫ তলায় প্রাথমিক শিক্ষা সংসদের গুদাম ঘরে। আগেই ওই গুদাম সিল করে রেখে গিয়েছিলে সিবিআই। সেই সিল খুলে শুরু হয় তল্লাশি। সিবিআই সূত্রে খবর, ওই গুদামে দুর্নীতির সঙ্গে সম্পর্কিত একাধিক তথ্যপ্রমাণ রাখা আছে।

কয়েক’শ শূন্যপদে চাকরি দেবে রাজ্য সরকার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ ভোটের পরই চাকরি প্রার্থীদের জন্য সুখবর। কয়েক’শ শূন্যপদে নিয়োগ করবে রাজ্য সরকার। আজ, বুধবার নবান্নে ছিল মন্ত্রিসভার বৈঠক। সেই বৈঠকেই একাধিক দফতরে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সূত্রের খবর। বিভিন্ন দফতরে মোট ৫৫২টি নতুন পদে চাকরি দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে রাজ্য মন্ত্রিসভা। স্বরাষ্ট্র দফতরে ১০৫টি শূন্যপদ এবং প্রাণীসম্পদ বিকাশ দফতরে ২৭০টি পদে নতুন নিয়োগ হবে। এছাড়া স্কুল শিক্ষা দফতরে ৩৫ জনকে নিয়োগ করা হবে। কবে থেকে ওই সব পদে নিয়োগ শুরু হবে, কীভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে, সে বিষয়ে কিছু জানানো হয়নি। লোকসভা নির্বাচনের পর দফায় দফায় বৈঠকে বসেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রশাসনিক বৈঠকের পাশাপাশি আলাদাভাবে পুরসভাগুলিকে নিয়ে বৈঠকে ডেকেছিলেন মমতা। বুধবারের মন্ত্রিসভার বৈঠকও ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে সেখানে ঠিক কী আলোচনা হল, তা সে বিষয়ে স্পষ্টভাবে কিছু জানা যায়নি। এদিকে, লোকসভার ফলাফলের ইস্যু নিয়েও আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

শপথ নিয়ে চূড়ান্ত নাটক, বিধানসভার সিঁড়িতে ধরনায় বসলেন সায়ন্তিকা-রায়াতরা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুনঃ লোকসভা নির্বাচনের ফলপ্রকাশের পর ২২ দিন কেটে গিয়েছে। এখনও বিধায়ক হিসেবে শপথবাক্য পাঠ করা হয়নি। বরং রাজভবন-বিধানসভার মধ্যে দড়ি টানাটানি চলছে। আর তাতেই তেতে উঠেছে রাজ্য-রাজনীতি। এই কারণে মানুষের হয়ে কাজ করতে পারছেন না বলে অভিযোগ তুলে বিচার চেয়ে বিধানসভার সিঁড়িতে বসে পড়লেন তৃণমূল কংগ্রেসের নবনির্বাচিত দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং রায়াত হোসেন সরকার। বরাহনগরের জয়ী তৃণমূল কংগ্রেস বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার তৃণমূল কংগ্রেস বিধায়ক রায়াত হোসেন সরকার চাইছেন বিধানসভায় অধ্যক্ষের কাছ থেকে শপথবাক্য পাঠ করতে। কিন্তু রাজ্যপাল সিভি আনন্দ বোস শপথের জন্য আজ, বুধবার তাঁদের ডেকে পাঠান রাজভবনে। পাল্টা ওই দুই জয়ী তৃণমূল কংগ্রেস বিআয়ক বলছেন বিধানসভাতেই তাঁরা শপথ নেবেন। তাই সেখানে আসুন রাজ্যপাল। কিন্তু রাজ্যপাল সিভি আনন্দ বোস তাঁর নিজের সিদ্ধান্তে অনড়।

তাই আজ, বুধবার বিধানসভা সিঁড়িতে ধরনায় বসলেন সায়ন্তিকা ও রেয়াত। বিরোধী দলের বিধায়করা বিধানসভার সিঁড়িতে বসে বিক্ষোভ দেখিয়ে থাকেন। সেখানে শাসকদলের দুই নবনির্বাচিত বিধায়ককে হাতে প্ল্যাকার্ড নিয়ে ধরনায় বসতে দেখে বিধানসভা চত্বরে আলোড়ন পড়ে যায়। এই ঘটনাকে সামনে রেখে দুই জয়ী প্রার্থী হাতে প্ল্যাকার্ড নিয়ে ধরনায় বসেন। সেখানে লেখা রয়েছে, ‘শপথবাক্য পাঠের জন্য রাজ্যপালের আসার অপেক্ষা করছি’। তাঁদের সঙ্গে একই জায়গায় বসেছিলেন পরিষদীয়মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। তিনি বলেন, ‘‘রাজ্যপাল ইচ্ছাকৃতভাবে এই পরিস্থিতি তৈরি করছেন। এটা একেবারেই বাঞ্ছনীয় নয়। সব সময় মনে রাখতে হবে এঁরা মানুষের দ্বারা নির্বাচিত প্রতিনিধি। তাই মানুষকে সেবা করতে ওরা বদ্ধপরিকর। সেটা রাজ্যপালের বোঝা উচিত।’’ স্বয়ং পরিষদীয় মন্ত্রীর এই ভূমিকায় রাজভবনের উপর চাপ বাড়ছে বলে মনে করা হচ্ছে। এই বিষয়টি নিয়ে সরগরম হয়ে উঠেছে বিধানসভা। গোটা ঘটনা নিয়ে যে নাটকীয় পরিস্থিতি তৈরি হয়েছে তা নিয়ে সায়ন্তিকা বলেন, ‘‘প্রায় একমাস হতে চলল। শপথ নিতে না পারায় মানুষের হয়ে কোনও কাজ করতে পারছি না। এবার তো মানুষ আমাদের মিথ্যেবাদী বলবে। তাই আবারও রাজ্যপালের কাছে অনুরোধ জানাচ্ছি, উনি যেন দ্রুত বিধানসভায় আমাদের শপথ গ্রহণের অনুমতি দেন। আমি নিজেই বুঝতে পারছি না আমাদের ভবিষ্যত কী। মানুষ ভোট দিয়েছেন তাঁরা তো দোষ করেননি। আমরা কী ভুল করেছি বুঝতে পারছি না।’’ আর বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, ‘‘রাজ্যপাল গণতান্ত্রিক পরিকাঠামোকে মানছেন না। উনি দু’জন নির্বাচিত জনপ্রতিনিধির শপথগ্রহণ আটকে রাখতে পারেন না। এবার আমরা আইনি পদক্ষেপ নেব। রাষ্ট্রপতির দ্বারস্থ হবো।’’

অনুকূল হচ্ছে পরিস্থিতি, বর্ষার বিস্তার নিয়ে সুখবর দিল আইএমডি

নয়াদিল্লি, ২৬ জুন ঃ পরিস্থিতি একেবারেই অনুকূল, আগামী ২-৩ দিনের মধ্যেই গুজরাট-সহ দেশের আরও কয়েকটি রাজ্যে অগ্রসর হবে বর্ষা। ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২-৩ দিনের মধ্যে উত্তর আরব সাগর, গুজরাট, মধ্যপ্রদেশ, রাজস্থানের কিছু অংশে অগ্রসর হবে বর্ষা। এছাড়াও ছত্তিশগড়, পশ্চিমবঙ্গ, ঝাড়খণ্ড, বিহার, উত্তর প্রদেশ, উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীরের কিছু অংশ এবং পঞ্জাব ও হরিয়ানার উত্তরাংশে বর্ষা অগ্রসর হবে।বর্ষার বিস্তারলাভের সঙ্গে সঙ্গেই বৃষ্টিও বাড়বে। আইএমডি জানিয়েছে, ২৮ জুন পর্যন্ত কোঙ্কান ও গোয়ায় অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়াও দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটকে ২৭ জুন পর্যন্ত ভারী বৃষ্টি হবে। উত্তর-পূর্বের রাজ্য অসম ও মেঘালয়ে ২৭-২৯ জুন ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ওডিশা ও উত্তরাখণ্ডের কিছু অংশেও ২৮-২৯ জুন ভারী বৃষ্টি প্রত্যাশিত।

ডাকওয়ার্থ লুইসের স্রষ্টা ফ্র্যাঙ্ক ডাকওয়ার্থ মারা গেলেন

লন্ডন, ২৬ জুন ঃডাকওয়ার্থ লুইসের প্রথম স্রষ্টা ফ্র্যাঙ্ক ডাকওয়ার্থ ৮৪ বছর বয়সে মারা গেলেন। টনি লুইসকে সঙ্গে নিয়ে ডিএলএস পদ্ধতি উদ্ভাবন করেছিলেন ফ্রাঙ্ক ডাকওয়ার্থ।১৯৯২ বিশ্বকাপে ইংল্যান্ড-দক্ষিণ আফ্রিকার সেমিফাইনাল শেষে বৃষ্টি আইন নিয়ে তুমুল বিতর্ক সৃষ্টি হয়। একটা পর্যায়ে ফাইনালে যেতে ১৩ বলে ২২ রান প্রয়োজন ছিল প্রোটিয়াদের। কিন্তু বৃষ্টির পর সেই লক্ষ্য দাঁায় ১ বলে ২২ রান।এই বিতর্ক এড়াতে প্রথমবারের মতো ১৯৯৭ সালে আন্তর্জাতিক ক্রিকেটে ব্যবহৃত হয় ডাকওয়ার্থ-লুইস পদ্ধতি। এই ইংলিশ পরিসংখ্যানবিদ টনি লুইসকে সঙ্গে নিয়ে উদ্ভাবন করেছিলেন ফ্রাঙ্ক ডাকওয়ার্থ। ২০০১ সালে সংশোধিত লক্ষ্য নির্ধারণের জন্য তা আনুষ্ঠানিকভাবে অন্তর্ভুক্ত করে আইসিসি। ২০১৪ সালে অবশ্য এর নিয়মে কিছুটা পরিবর্তন আনেন অস্ট্রেলিয়ান পরিসংখ্যানবিদ স্টিভেন স্টার্ন। যার ফলে তার পর থেকে ডিএলএস মেথড নামে পরিচিত।১৯৩৯ সালে জন্ম নেওয়া ডাকওয়ার্থ ধাতুবিদ্যায় পিএইচডি ডিগ্রি লাভ করেন লিভারপুল বিশ্ববিদ্যালয় থেকে। পরামর্শদাতা হিসেবে কাজ করেছেন আইসিসিতে। ২০১০ সালে তিনি ও লুইস একসঙ্গে এমবিই উপাধি লাভ করেন।তার পারিবারিক সূত্রে জানা যায় ডাকওয়ার্থ মারা গেছেন ২১ জুন। তার পদ্ধতি ব্যবহার করা হচ্ছে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে।

২৮ জুন পর্যন্ত মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীর

শ্রীনগর, ২৬ জুন ঃ আগামী ২৮ জুন পর্যন্ত মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। তবে, ২৯ জুনের পর বৃষ্টির সম্ভাবনা রয়েছে, ২৯ জুন থেকে ৪ জুলাই পর্যন্ত বৃষ্টির আশা রয়েছে ভূস্বর্গে। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৮ জুন পর্যন্ত মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া।

নাগাড়ে বৃষ্টি, হিমাচলে পাহাড়ে ধস

হিমাচল, ২৬ জুন ঃ দেশের একপ্রান্তে তীব্র তাপপ্রবাহ। আরেকপ্রান্তে চলছে নাগাড়ে বৃষ্টি। আর তার জেরে ধস। এমনই এক ঘটনার সাক্ষী হলো হিমাচলের নাহান এলাকা। জানা গেছে, কয়েকদিন ধরে একনাগাড়ে বৃষ্টিতে ভিজছে হিমাচল প্রদেশ। আর এই লাগাতার বৃষ্টির জেরে ধসের ঘটনা ঘটছে বিভিন্ন এলাকায়। বুধবার সকালে হিমাচলের নাহানের একটি রাস্তায় ধসে পড়ে পাহা।রে একটা অংশ। ফলে ব্যাহত হয় যান চলাচল। দ্রুত তৎপর হয় প্রশাসন। ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী। পরস্থিতি দ্রুত স্বাভাবিক করতে তৎপরতার সঙ্গে রাস্তা পরিস্কারের কাজ শুরু হয়। পাহাড়ের একটা অংশ ভেঙে পড়ায় আতঙ্কিত হয়ে পড়ে পর্যটকেরা।

জরুরি অবস্থার ৫০ বছরে ফের কংগ্রেসকে নিশানা মোদীর

নয়াদিল্লি, ২৬ জুন ঃ নিজের ভাষণে জরুরি অবস্থার 'কালো দিনে'র কথা স্মরণ করিয়ে কংগ্রেসকে চাপে রাখার কৌশল নিয়েছিলেন নরেন্দ্র মোদী। জরুরি অবস্থা জারির ৫০ বছর পূর্তিতে মঙ্গলবার ফের কংগ্রেসকে নিশানা করলেন মোদী।ঐদিন নিজের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে মোদী লেখেন, যারা জরুরি অবস্থা জারি করে, তাঁদের সংবিধানের প্রতি ভালোবাসা প্রকাশের কোনও অধিকার নেই। এঁরা হচ্ছেন তাঁরাই, যাঁরা ৩৫৬ ধারা জারি করেছিলেন। সংবাদপত্রের স্বাধীনতা হরণের জন্য বিল পেশ করেছিলেন। যুক্তরাষ্ট্রীয় কাঠামো ধ্বংস করেছিলেন এবং সংবিধানের প্রতিটি দিক লঙ্ঘন করেছিলেন। মোদীর কটাক্ষ, শুধু ক্ষমতায় আঁকড়ে থাকার জন্য তকালীন কংগ্রেস সরকার প্রতিটি গণতান্ত্রিক নীতিকে উপেক্ষা করেছিল। ওই সময় তারা দেশকে জেলখানায় পরিণত করে বলেও অভিযোগ করেন মোদী। কংগ্রেসের সঙ্গে একমত না হওয়া যে কোনও ব্যক্তিকে নির্যাতন ও হয়রানি করা হত বলে অভিযোগ করেন প্রধানমন্ত্রী।উল্লেখ্য, ১৯৭৫ সালের ২৫ জুন দেশে 'জুরুরি অবস্থা' জারি হয়েছিল। গত সোমবার এই নিয়ে মোদী বলেছিলেন, সংসদকে যাঁরা সম্মান করেন, তাঁরা এই দিনটি ভুলতে পারবেন না। ২৫ জুন সংবিধানের যে কালো দাগ লেগেছিল, মঙ্গলবার তার ৫০ বছর পূর্তি। প্রধানমন্ত্রী এদিন আরও বলেন, আমরা গৌরবের সঙ্গে সংবিধানকে রক্ষা করতে পেরেছি। দেশবাসী সংকল্প নেবে যে ভবিষ্যতে কেউ আর এই কালো দিন আনার সাহস দেখাতে পারবে না। আমরা জনগণের স্বপ্ন পূরণে সংকল্পবদ্ধ।

ভিয়েতনামে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে সহায়তার প্রস্তাব রাশিয়ার,পুতিনের পদক্ষেপ ঘিরে জল্পনা

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে ভিয়েতনামকে সহায়তা করতে চায় রাশিয়া। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের হ্যানয় সফরের সময় ভিয়েতনাম সরকারকে এ প্রস্তাব দেওয়া হয়েছে।ভ্রাশিয়ার রাষ্ট্রায়ত্ত পরমাণু শক্তিঃ করপোরেশন (রোসাটম)-এর প্রধান অ্যালেক্সি লিখাচেভ সোমবার সে দেশের সরকারি সংবাদ সংস্থা আরআইএ-কে বলেন, 'পরমানু বিদ্যুৎকেন্দ্র গড়তে ভিয়েতনামকে কী কী সহযোগিতা দেওয়া হতে পারে, সে বিষয়ে দ্বিপাক্ষিক বৈঠকে বিস্তারিত জানিয়েছি।'' ঘটনাচক্রে, ভিয়েতনামে পুতিনের সফরসঙ্গী ছিলেন লিখাচেভ।লিখাচেভ জানিয়েছেন, স্থল এবং ভাসমান কম ক্ষমতাসম্পন্ন পরমাণুকেন্দ্র গড়তে হ্যানয়কে সহায়তা করবে মস্কো। গত সপ্তাহে উত্তর কোরিয়া এবং ভিয়েতনাম সফরে গিয়েছিলেন পুতিন। উত্তর কোরিয়ার একনায়ক কিম জং উনের সঙ্গে দ্বিপাক্ষিক কৌশলগত সার্বিক অংশীদারি চুক্তি সই করেন রুশ প্রেসিডেন্ট। সামরিক কৌশলগত সহযোগিতা তার অন্যতম অঙ্গ। এই পরিস্থিতিতে ভিয়েতনামকে পরমাণু সহযোগিতার জন্য পুতিনের প্রস্তাব ঘিরে শুরু হয়েছে জল্পনা।প্রসঙ্গত, দক্ষিণ-পূর্ব এশিয়ার সমাজতান্ত্রিক রাষ্ট্র ভিয়েতনামে কোনও পরমাণু বিদৎ্যুকেন্দ্র নেই। তবে প্রায় এক দশক আগে ভিয়েতনাম সরকার দু'টি পরমাণু চুল্লি (রিঅ্যাক্টর) নির্মাণের পরিকল্পনা করেছিল। প্রয়োজনীয় আর্থিক ও প্রযুক্তিগত অপ্রতুলতা জটিলতা এবং জাপানের ফুকুশিমা পরমাণুকেন্দ্রে বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে সেই পরিকল্পনা থেকে ২০১৬ সালে সরে এসেছিল তারা।

ধসের কারণে অবরুদ্ধ ১০ নম্বর জাতীয় সড়ক! বন্ধ দার্জিলিংগামী রাস্তাও

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ টানা বৃষ্টির জেরে ফের ১০ নম্বর জাতীয় সা।কে ধস। কালিম্পঙের লিখুভিরের কাছে বুধবার সকাল ধস নামে। যার জেরে শিলিগুড়ি-গ্যাংটক যাতায়াত এই মুহূর্তে বন্ধ হয়ে রয়েছে। গতকাল রাত থেকে টানা বৃষ্টি শুরু হয়েছে পাহাড় ও সমতলে। আজ সকালে লিখুভিরের কাছেই ধস নামে। পাহাড় বেয়ে বিশাল পাথর জাতীয় সড়কের উপর পা।ছে। এর জেরে সেই রাস্তা বন্ধ হয়ে রয়েছে। জাতীয় সা।কের দুই ধারেই গাড়ির লম্বা লাইন পড়ে গিয়েছে। ইতিমধ্যেই জাতীয় সড়ক থেকে ধস সরানোর কাজ শুরু করা হয়েছে। দুপুরের আগে পরিস্থিতি ঠিক হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। অন্যদিকে, ফের একবার তিস্তার জল বাড়তে শুরু করায় তিস্তা বাজার থেকে দার্জিলিংগামী রাস্তা প্রশাসনের তরফে বন্ধ করে দেওয়া হয়েছে। পাহাড়ে লাগাতার বৃষ্টির জেরে শিলিগুড়িতে মহানন্দা নদীর জলস্তরও বেড়েছে। জাতীয় সড়ক না খোলা পর্যন্ত গাড়িগুলিকে লাভা গোরুবাথান রুট হয়ে চলাচল করতে বলা হয়েছে।উল্লেখ্য, গত কয়েক সপ্তাহে একাধিবার ধস নামে ১০ নম্বর জাতীয় সড়কে। লাগাতার বর্ষণের কারণেই ধস নেমে যান চলাচল ব্যাহত হয়। গত সপ্তাহে মেঙ্গলি, ইয়াংগাং, নামচি মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়। বহু পর্যটক আটকে ছিলেন লাচুং সহ সিকিমের বিভিন্ন জায়গায়। ধসের কারণে তাঁদেরকে সড়ক পথে সম্ভব ছিল না। প্রাকৃতিক দুর্যোগ চলার কারণে তাঁদেরকে আকাশপথে উদ্ধার করা সম্ভব হচ্ছিল না। কয়েকদিন পর তাঁদের সড়ক পথে হেঁটে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়।গত সপ্তাহে লিখু ভির, কালিঝোরা, রবিঝোরা, ২৭ মাইল সহ একাধিক জায়গায় ধস নামে। যান চলাচল ব্যাহত হয়। সমস্যায় পড়তে হয় পর্যটকদের। বর্তমানে দার্জিলিং, কার্শিয়াং, কালিম্পং সহ বিস্তীর্ণ পাহাড়ি এলাকায় পর্যটকরা রয়েছেন। সিকিমেও প্রচুর পর্যটক আছেন। তবে, জাতীয় সড়ক বন্ধ থাকার কারণে পর্যটকদের কিছু সময়ের জন্য ফের সমস্যা পড়তে হবে বলেই জানা গিয়েছে। দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হচ্ছে।

বেডের তুলনায় রোগীর সংখ্যা বেশি! মেঝেতেই চিকিৎসা কালনায়

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ বেড সংখ্যা যা তার প্রায় দ্বিগুণ রোগী ভর্তি থাকছেন ওয়ার্ডে। ফলে একই বেডে দু'জন রোগীর পাশাপাশি মেঝেতে ফ্লোর ম্যাট্রেসেও চিকিৎসা চলছে রোগীর। এ ছবি কালনা মহকুমা হাসপাতালের মেল ও ফিমেল মেডিসিন ওয়ার্ডের। বিষয়টি স্বীকার করে নেওয়ার পাশাপাশি পরিস্থিতি সামাল দিতে বাধ্য হয়েই এমনটা করতে হচ্ছে বলে জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ।কালনা মহকুমা হাসপাতালে যা রোগীর চাপ তাতে মেডিসিন বিভাগে আরও বেড সংখ্যা বাড়ানোর দাবি উঠছে। শীঘ্রই একটি ৩০ বেডের ফিভার ওয়ার্ড খুলে এই দুই ওয়ার্ডের উপর চাপ কমানোর কথা জানিয়েছেন হাসপাতালের সুপার। শুধু কালনা মহকুমাই নয়, পূর্ব বর্ধমান জেলার কিছু অংশ ছাড়া লাগোয়া হুগলি ও নদিয়ার কিছু এলাকার মানুষও কালনা মহকুমা হাসপাতালের উপর নির্ভরশীল। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, মেল ও মেডিসিন ওয়ার্ডের অনুমোদিত বেড ১২০টি। তার বাইরেও হাসপাতাল কর্তৃপক্ষ আরও ৩০টি বেড বাড়িয়েছেন। তাতেও পরিস্থিতি সামাল দেওয়া যাচ্ছে না। মঙ্গলবার দুই ওয়ার্ড মিলিয়ে ভর্তি রোগীর সংখ্যা ২০৫। ফলে কোথাও একটি বেডের মধ্যে যেমন দু'জন রোগীকে রাখা হয়েছে তেমনই দু'টি বেড জো।া করে তিন জন বা চার জন রোগীও রাখা হচ্ছে।ভ্আবার মেঝেতেও ফ্লোর ম্যাট্রেসে জায়গা দেওয়া হয়েছে রোগীদের। মেঝেতে থাকা পেশেন্টদের হাঁটু মুড়েই দেখছেন ডাক্তাররা। অসুবিধায় প।ছেন সিস্টাররাও। জ্বরের উপসর্গ নিয়ে ভর্তি শর মণ্ডল বলেন, 'আমার বেডেই আর একজন চিকিৎসা পাচ্ছেন। বিষ খেয়ে ভর্তি হয়েছেন তিনি। খুবই অস্বস্তি হচ্ছে।'আর এক রোগী অনিমেষ সিংয়ের বক্তব্য, 'একটি বেডে একজন রোগীই ঠিকমতো থাকতে পারেন না। সেখানে দু'জন রাখা হচ্ছে। সংক্রামক রোগ নিয়ে যাঁরা ভর্তি তাঁরা পাশে থাকার ফলে আতঙ্কও হচ্ছে।' হাসপাতালের সুপার চন্দ্রশেখর মাইতি জানিয়েছেন, সামনের সপ্তাহে সুপারস্পেশ্যালিটি বিল্ডিংয়ে একটি ফিভার ওয়ার্ড খোলা হচ্ছে। জ্বরের রোগীরা সেখানে ভর্তি হলে এই দুই ওয়ার্ডে রোগীর চাপ কিছুটা কমবে বলে তাঁর আশা।

'বিধান আসুন, আপনার কাছেই শপথ নেব',জানালেন সায়ন্তিকা

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ তৃণমূলের দুই জয়ী বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং রেয়াত হোসেন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানকে ঘিরে সরগরম রাজ্য-রাজনীতি । মঙ্গলবার পুরো দিন চর্চায় ছিল উপনির্বাচনে জিতে আসা বিধায়কদের শপথের বিষয়টি । কিন্তু বুধবার কী হতে চলেছে, সে বিষয়টি স্পষ্ট হল না রাতেও, বরং বাড়ল জটিলতা । দিনভর চিঠি-পালটা চিঠি, তাই নিয়ে আলোচনা । অধ্যক্ষ, পরিষদীয় মন্ত্রী, জয়ী বিধায়ক, সকলের নানা ধরনের বার্তা সামনে এসেছে । একইসঙ্গে এসেছে রাজভবনের তরফে বক্তব্যও ।রাজ্যপালকে তাঁদের আর্জি, আমাদের আর্জি একটু ভেবে দেখুন। এই বিধানসভার গরিমার কথা আমরা জানি। আমাদের ইচ্ছা এখানে শপথ পড়ি। আপনিই আসুন বিধানসভায়। আমরা আপনার কাছেই শপথ গ্রহণ করব। রাজভবন নতুন করে বিধায়কদের এই জোড়া চিঠির জবাব আর না দিলে তাদের তরফেও রাজভবনে শপথ পাঠের পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী সব প্রস্তুতি থাকবে বলে খবর।সায়ন্তিকার কথায়,প্রথম চিঠিতে রাজ্যপাল বলেছিলেন, রাজভবনে এসে শপথ নিন। কিন্তু কার কাছে শপথ নেব তা বলা ছিল না। বিধানসভাকেও কিছু জানানো হয়নি। ফলে কার কাছে গিয়ে শপথ নেব, সেটা বুঝতে পারিনি। তাঁর আরও সংযোজন, আসলে সকলেরই তো কিছু আশা, স্বপ্ন থাকে। তাই আমাদের আর্জি, উনি (রাজ্যপাল) বিধানসভা এসে আমাদের শপথ পাঠ করান। বিধানসভার একটা ঐতিহ্য, গরিমা আছে। আমাদের তো অধ্যক্ষের অধীনেই কাজ করতে হবে এই বিধানসভায়। তাহলেই এখানেই শপথ নিলে ভালো হয়। পরিশেষে সায়ন্তিকার সংযোজন, শপথ না নিলে বিধায়ক হিসেবে কাজ শুরু করতে পারছি না। এখন মনে হচ্ছে, মানুষের ভোটে নির্বাচিত হয়েই বোধহয় ভুল করে ফেলেছি!বিষয়টি নিয়ে 'বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ও। তাঁর কথায়, বিষয়টি অত্যন্ত দুর্ভাগ্যজনক। উপনির্বাচনে জিতে আসা দুই বিধায়কের শপথগ্রহণ নিয়ে এত জটিলতা কেন তৈরি করা হচ্ছে, কে জানে! বি আর আম্বেদকর নিজের বক্তব্যে বলেছিলেন, উপনির্বাচনে জিতলে সেই বিধায়কদের শপথবাক্য স্পিকারই পাঠ করাতে পারেন।লোকসভা নির্বাচনের সঙ্গে এই দুই বিধানসভায় উপনির্বাচন হয়। ফল ঘোষণা হয় একই দিনে। সেই থেকে প্রায় সপ্তাহ তিনেক কেটে গেলেও তাঁদের শপথ গ্রহণ করানো যায়নি। উপনির্বাচনে জয়ী বিধায়কদের শপথ নিয়ে টানাপোড়েন চলছে রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের মধ্যে।

পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২৬ জুন ঃ সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি বুধবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। তবে আন্তর্জাতিক বাজারে সপ্তাহের তৃতীয় দিনে শুরুর লেনদেনে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম প্রায়.৮৬ ডলার, এবং ডব্লুটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮২ ডলারের কাছাকাছি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৪.২১ টাকা, ডিজেল ৯২.১৫ টাকা, কলকাতায় পেট্রোল ১০৩.৯৪ টাকা, ডিজেল ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯২.৩৪ টাকায় পাওয়া যাচ্ছে। আজ, ব্রেন্ট ক্রুড ০.৩৭ ডলার বা ০.৪৪ শতাংশ বৃদ্ধির সাথে ৮৫.৩৮ ডলারে ট্রেড করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লুটিআই) ক্রুডও ০.৩৯ ডলার বা ০.৪৮ শতাংশ বৃদ্ধির সাথে ব্যারেল প্রতি ৮১.২২ ডলারে ট্রেড করছে।

বিদ্যুৎ বাঁচাতে অভ্যাস পরিবর্তন নবান্নের! এসি-নির্দেশিকা পুলিশের

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ সরকারি অফিসে বিদ্যুৎ অপচয় ঠেকাতে একদিন আগেই কড়া বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারপরই বিদ্যুত অপচয় রোধে কোমর বেঁধে নেমে পড়লো দপ্তরগুলি। বিদ্যুত বিল কমাতে সমস্ত দপ্তর থেকেই আলাদা করে অ্যাডভাইসারি পাঠানো হচ্ছে অফিসারদের কাছে। কার কত টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তার সঠিক হিসেব পাঠাতে বলা হয়েছে।সেই মতো বকেয়া বিদ্যুৎ বিলের উপর যে সুদ ও জরিমানা চাপানো হয় তা মকুবের জন্য বিদ্যুৎ দপ্তরের কাছে অনুরোধ জানানো হবে। সরকারি অফিসে অহেতুক লাইট, ফ্যান কিংবা এসি যাতে চালু না থাকে সে জন্য বিভাগীয় আধিকারিকদের কাছে বিশেষ বার্তা পাঠানোর পরে মঙ্গলবার থেকেই তার প্রতিফলন চোখে পড়তে শুরু করেছে।রাজ্য প্রশাসনের সদর নবান্নতে মুখ্যমন্ত্রী ছাড়াও একাধিক মন্ত্রী ও সচিবরা বসেন। রাজ্য পুলিশের ডিজি, এডিজি আইনশৃঙ্খলা সহ পুলিশের একাধিক শীর্ষ কর্তার অফিস রয়েছে এখানে। নিরাপত্তার কারণে নবান্নের ১৪ তলা ভবনের সমস্ত ফ্লোরেই সিসি ক্যামেরা বসানো রয়েছে। ফলে দিনরাত আলো জ্বলতেই থাকে। কিন্তু মুখ্যমন্ত্রী বিদ্যুতের বিল নিয়ে অসন্তোষ ব্যক্ত করার পরে নবান্নের ছবি অনেকটা বদলে গিয়েছে। নবান্নের সিংহভাগ আলো এদিন জ্বলানো হয়নি। যে সব মন্ত্রীরা এদিন তাঁদের দপ্তরে আসেননি সেই ঘরগুলোতে আলো বন্ধ রাখা হয়েছিল। মহাকরণ, নবমহাকরণ, বিকাশ ভবন, নগরোন্নয়ন দপ্তর, খাদ্যভবন, পঞ্চায়েত ভবনেও অফিসে লোক না থাকলে আলো, পাখা বন্ধ করে রাখতে বলা হয়েছে।কয়েক বছর আগে পর্যন্ত অধিকাংশ সরকারি দপ্তরের বিদ্যুৎ বিল মেটাতো পূর্ত দপ্তর। নিজের ঘাড় থেকে বোঝা কমানোর জন্য সম্প্রতি তারা সেই দায়িত্বভার হস্তান্তর করেছে সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের হাতে। ফলে এখন থেকে তাদের বকেয়া বিদ্যু বিল মেটানোর ব্যবস্থা করতে হবে। ডব্লুবিএসইডিসিএলকে চিঠি দিয়ে সে কথা জানিয়ে দিয়েছে পূর্ত দপ্তর।ভ্নবান্ন সূত্রের খবর, বিভিন্ন সরকারি সংস্থার মিলিয়ে প্রায় ১৬০০ কোটি টাকার বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তার মধ্যে সবার উপরে রয়েছে জলসম্পদ উন্নয়ন দপ্তর। তাদের বকেয়ার পরিমাণ ৫০০ কোটি টাকা। নগরোন্নয়ন দপ্তরের প্রায় ৩৫০ কোটি টাকার বিদ্যুৎ বিল বকেয়া। পঞ্চায়েত দপ্তরের কাছ থেকে পাওনা প্রায় ৩২০ কোটি। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের বকেয়া প্রায় ১১০ কোটি টাকা। পূর্ত দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ প্রায় ১২০ কোটি টাকা।

অমরনাথ যাত্রার অফলাইন রেজিস্ট্রেশন শুরু, উন্মাদনা ভক্তদের মধ্যে

জম্মু, ২৬ জুন ঃ অমরনাথ যাত্রার অফলাইন রেজিস্ট্রেশন শুরু হয়ে গেল বুধবার। অফলাইন রেজিস্ট্রেশন শুরু হতেই বিশেষ উন্মাদনা দেখা গিয়েছে ভক্তদের মধ্যে, রেজিস্ট্রেশনের জন্য সকাল হতে না হতেই পুণ্যার্থীদের বিপুল ভিড় লক্ষ্য করা গিয়েছে। দক্ষিণ জম্মুর এসডিএম মনু হংস বলেছেন, এটি রেজিস্ট্রেশন কাউন্টার নয়, এটি একটি টোকেন সেন্টার। এখান থেকে লোকজন একটি টোকেন পাবে, যা দিয়ে তাঁরা অফলাইন রেজিস্ট্রেশনের জন্য নিবন্ধকরণ কাউন্টার সম্পর্কে জানবে।এসডিএম আরও বলেছেন, আমাদের তিনটি রেজিস্ট্রেশন কেন্দ্র আছে, বৈষ্ণবী ধাম, পঞ্চায়েত ভবন এবং মহাজন হল। আমরা টোকেন বিতরণ করছি এবং আজ,বৃহঃ বার থেকে লোকজন অফলাইন রেজিস্ট্রেশনের জন্য রেজিস্ট্রেশন কেন্দ্রে যেতে পারবেন। তিনি আরও জানান, তীর্থযাত্রীদের নিজেদের আধার কার্ড নিয়ে এখানে আসতে হবে, সেই ভিত্তিতে টোকেন দেওয়া হবে। ১৩ বছরের কম বয়সী শিশুদের অনুমতি দেওয়া হয় না, গর্ভাবস্থার ৬ মাস অথবা তার বেশি হলে মহিলাদের অনুমতি দেওয়া হয় না।

পুরীতে রথযাত্রার প্রস্তুতি শুরু, প্রভু জগন্নাথের রথ তৈরির কাজ চলছে জোরকদমে

পুরী, ২৬ জুন ঃ আগামী ৭ জুলাই রথযাত্রা, তার আগে ওড়িশার পুরীতে রথযাত্রার প্রস্তুতি এখন তুঙ্গে। দিন-রাত এক করে প্রভু জগন্নাথ দেবের রথ তৈরির কাজ চলছে জোরকদমে। রথ নির্মাণের কাজে থাকা বাল কৃষ্ণ মোহরানা বলেছেন, প্রভু জগন্নাথ, বলভদ্র এবং সুভদ্রা মার জন্য তিনটি রথ প্রস্তুত করা হয়েছে। জগন্নাথ জির রথে ১৬টি চাকা, বলভদ্র মহাপ্রভুর রথে ১৪টি চাকা এবং মা সুভদ্রার রথে ১২টি চাকা রয়েছে।তিনি আরও জানান, নয়াগড়ের দসপাল্লার জঙ্গল থেকে প্রতি বছর নতুন কাঠ আসে। যাত্রার পর জগন্নাথ মন্দিরে প্রতিদিন প্রসাদ তৈরির জন্য রথের কাঠ জ্বালানি কাঠ হিসেবে ব্যবহার করা হয়। তিনটি রথের ৪২টি চাকাই ভক্তদের কাছে বিক্রি করা হয়... অক্ষয় তৃতীয়া থেকে রথযাত্রা পর্যন্ত দুই মাস ধরে নির্মাণ কাজ চলে। এখানে ৭ ধরনের শ্রমিক এবং কমপক্ষে ২০০ জন কাজ করছেন। সবকিছুই হাতে তৈরি ঐতিহ্যগতভাবে, কোনও আধুনিক সরঞ্জাম অথবা যন্ত্রপাতি ব্যবহার করা হয় না।

আবগারি মামলায় কেজরিওয়ালকে গ্রেফতার করল সিবিআই, জেরা করার অনুমতি চাইল কোর্টে



নয়াদিল্লি, ২৬ জুন ঃআবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করল সিবিআই। বুধবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। দিল্লির আদালত থেকেই তাঁকে নিজেদের হেফাজতে নিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এর আগে এই একই মামলায় কেজরিকে গ্রেফতার করেছিল ইডি। কেজরিওয়ালকে জেরা করার অনুমতি চেয়ে দিল্লির আদালতের দ্বারস্থ হয়েছে সিবিআই।মঙ্গলবার দিল্লি হাইকোর্ট কেজরিওয়ালের জামিনের আবেদন খারিজ করে দেওয়ার পরেই তিহাড় জেলে গিয়ে তাঁকে জিজ্ঞাসাবাদ করে সিবিআইয়ের একটি দল। তাঁর বয়ানও নথিভুক্ত করা হয়। বুধবার তাঁকে আদালতে হাজির করানোর অনুমতিও পেয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। সেই মতো আদালতে পেশ করা হয়। এরপর আদালতে আনুষ্ঠানিকভাবে গ্রেফতারের কথা জানায় সিবিআই। কেজরিওয়ালকে জিজ্ঞাসাবাদ করার জন্য আদালতের কাছে অনুমতি চেয়েছে সিবিআই।

অসুস্থ অতিশীকে দেখতে হাসপাতালে অখিলেশ

নয়াদিল্লি, ২৬ জুন ঃ বুধবার অসুস্থ অতিশীকে হাসপাতালে দেখতে গেলেন অখিলেশ যাদব। দিল্লিতে জল সমস্যার সমাধানের দাবিতে অনশনে বসেছিলেন জলমন্ত্রী অতিশী মারলেনা। ৪ দিন অনশনের পর পঞ্চম দিনে মঙ্গলবার ভোরে অসুস্থ হয়ে পড়েন তিনি। এরপর তড়িঘড়ি লোকনায়ক জয়প্রকাশ হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে।বুধবার সকালে সমাজবাদী পার্টির সুপ্রিমো অখিলেশ যাদব অতিশীর সঙ্গে দেখা করতে হাসপাতালে আসেন। মন্ত্রী অতিশির সঙ্গে দেখা করার পাশাপাশি চিকিৎসকদের সঙ্গে তাঁর শারীরিক পরিস্থিতি নিয়ে আলোচনাও করেন অখিলেশ। এরপর হাসপাতাল থেকে বেরোনোর সময় সপা নেতা জানান, অতিশী একজন অত্যন্ত শক্তিশালী মহিলা। উনি সুস্থ হয়ে উঠবেন আমাদের বিশ্বাস। উনি মানুষের জন্য লড়তে জানেন। দিল্লিবাসীর সমস্যার সমাধানের জন্য প্রতিদিন উনি লড়ে যাচ্ছেন।

কলকাতায় সুফল বাংলার আরও ১১টি বিপণি চালু

কলকাতা, ২৬ জুন ঃ দ্রব্যমূল্যবৃদ্ধিতে নাজেহাল সাধারণ মানুষ। কলকাতা থেকে শহরতলি পরিস্থিতি সর্বত্রই এক। এমতাবস্থায় শহরবাসীর সুরাহায় সুফল বাংলার আরও ১১টি বিপণি চালু করল রাজ্য সরকার। সল্টলেক, রাজারহাট এবং নিউটাউনের পাশাপাশি দক্ষিণ কলকাতার লেক মার্কেটের কাছে ভ্রাম্যমাণ এই বিপণিগুলি চালু হয়েছে। এগুলি থেকে বাজারের দামের তুলনায় অন্তত ১০ থেকে ২০ শতাংশ কম দামে কৃষিপণ্য মিলবে বলে জানিয়েছে নবান্ন। পরবর্তীতে পরিস্থিতি বিচার করে আরও বিপণি খোলার কথা ভাবা হবে বলেও জানানো হয়েছে।

'সমস্ত অভিযোগ ভিত্তিহীন, বঙ্গ বিজেপিকে তোপ ববির

দুরন্ত বার্তা, ডিজিটাল ডেস্কঃ দলবিরোধী আচরণের অভিযোগে ডায়মন্ড হারবারের বিজেপি প্রার্থী অভিজি দাস ওরফে ববিকে শোকজ করেছিল গেরুয়া শিবির। কিন্তু তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ 'ভিত্তিহীন' বলে জানালেন ববি। পাল্টা জবাবি চিঠিতে রাজ্য বিজেপি নেতৃত্বের একাংশের বিরুদ্ধে তোপ দাগলেন তিনি।অভিজি দাসের দাবি, 'ঘটনার দিন তিনি এলাকায় ছিলেন না। বাইরে ডাক্তার দেখাতে গিয়েছিলেন। প্রয়োজনে সিসিটিভি দেখা হোক। সমস্ত অভিযোগই ভিত্তিহীন।''অভিজিৎ দাসের কথায়, দলের তরফে দেওয়া শোকজের চিঠি তিনি হাতে পাওয়ার আগে কীভাবে মিডিয়ার কাছে গেল। দলের তরফে যাঁরা এই কাজে যুক্ত তাঁদের বিরুদ্ধেও তদন্ত করতে হবে।'' এরপর দলের একাংশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে অভিজিৎ দাসের দাবি, তাঁর বিরুদ্ধে চক্রান্ত করেই এসব করা হচ্ছে। প্রসঙ্গত, শোকজের চিঠি আগেই প্রকাশ্যে চলে এলেও সোমবার সেই চিঠি ডাক মারফত হাতে পান অভিজিৎ দলের কেন্দ্রীয় টিমের সামনে 'ঘরছাড়া'বলে যে বিজেপি কর্মীদের দেখিয়েছে দক্ষিণ ২৪ পরগনার জেলা বিজেপির নেতৃত্ব, তাঁরা নকল বলে দাবি করে ক্ষোভ উগরে দিয়েছিল আরেকদল বিজেপি কর্মী। ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেবের নেতৃত্বে বিজেপির কেন্দ্রীয় টিমকে ঘেরাও করে বিক্ষোভে ফেটে পড়েন ওই গেরুয়া কর্মীরা। যাঁদের 'ঘরছাড়া বলে দেখানো হয়েছে তাঁরা আসল নয়, তাঁরা নকল। সাজিয়ে নকল ঘরছাড়াদের বিজেপির জেলা পার্টি অফিসে রাখা হয়েছে বলে এই অভিযোগ তুলে কেন্দ্রীয় টিমের সামনে বিজেপিরই একাংশ ক্ষোভ উগরে দিয়ে এই বিস্ফোরক অভিযোগ করেছিলেন। সেই ঘটনায় ডায়মন্ড হারবারের বিজেপি প্রার্থী অভিজিৎ দাসের ইন্ধন ছিল বলে অভিযোগ উঠতেই তড়িঘড়ি তাঁকে শোকজ করে সাময়িক বরখাস্ত করা হয়েছিল বঙ্গ বিজেপির তরফে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৭জুন মার্ট ঃবৃহঃবার, ১২ আষাঢ় মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ১২ আষাঢ় মাস ঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১২ আষাঢ় মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১২ আষাঢ় মাস ১৪৩১, ভারতীয় সিভিলঃ১২ আষাঢ় মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃদিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৮.০৫ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৯শতকরা এবং ৫৬শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার। জোয়ার- সকাল ১০টা ৪৯ মিনিট এবং রাত১০টা ৪৪মিনিট হবে। ভাটা-সকাল-১০টা ২০মিনিট। রাত-৮টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ০২মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৬ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃকর্মপ্রার্থীদের নতুন কিছু করার সুযোগ আসবে। সন্তানের পড়াশোনায় পরিবর্তন যোগ লক্ষ্য করা যায়।

বৃষভ রাশিঃরোগ সম্পর্কে সচেতন থাকবেন। শিল্পসত্তার দক্ষতার কারণে প্রশংসিত হতে পারেন। সঙ্গীত ও নৃত্যশিল্পীরা নিজের প্রতিভা দেখাবার সুযোগ পাবেন।

মিথুন রাশিঃ দ্বিমুখী আয়ের সম্ভবনা। সন্তানের পরীক্ষায় সাফল্যের জন্য দুশ্চিন্তা কেটে যাবে। বাবা-মায়েরা সন্তানের প্রতি সচেতন হোন।

কর্কট রাশিঃরোজগার বৃদ্ধির সম্ভাবনা থাকবে। কর্মপ্রার্থীরা আয়ের নতুন উৎস পাবেন। পরিবারে শুভ অনুষ্ঠান হতে পারে।

সিংহ রাশিঃ মানসিক চাপ কমবে। অত্যধিক লোভ সম্বরণ করুন। না হলে আগামিদিনে পস্তাতে হতে পারে। ব্যবসায় কর্মচারীর অসততার জন্য লোকসান বৃদ্ধি।

কন্যা রাশিঃঅসামান্য সাফল্যের জন্য নামী কোম্পানিতে চাকরি হতে পারে। ঋণ পরিশোধের ফলে সঞ্চয়ে ব্যাঘাত ঘটতে পারে।

তুলারাশিঃকর্মজীবনে সাফল্য। পৈত্রিক সম্পত্তি নিয়ে আত্মীয়-স্বজনদের সঙ্গে মনোমালিন্যে সম্পর্কে অবনতি। বড় ভাইয়ের অনৈতিক কাজকর্মের জন্য আপনার মর্যাদাহানি হতে পারে।

বৃশ্চিক রাশিঃ অতিরিক্ত পরিশ্রমের ফলে মানসিক চাঞ্চল্য বৃদ্ধি পাবে। স্ত্রীর চিকিসার জন্য অর্থ খরচ হতে পারে। নব-বিবাহিতদের দাম্পত্য সুখ বজায় থাকবে।

ধনু রাশিঃশ্বশুরকুল থেকে হঠাৎ কোনও সম্পত্তি হাতে আসতে পারে। বিদেশে কর্মরত সন্তানের উন্নতির খবরে মানসিক শান্তি।

মকর রাশিঃবুদ্ধিবলে পরিস্থিতি নিজের আয়ত্তে আনতে পারবেন। মহিলাদের এই সময় চাকরিতে উন্নতির যোগ লক্ষ্য করা যায়।

কুম্ভ রাশিঃকর্মপ্রার্থীরা নতুন উদ্যম নিয়ে কর্মের চেষ্টা করুন। নিজের আয় অনুযায়ী খরচ করার চেষ্টা করুন।

মীন রাশিঃ অপব্যয় ও অপচয় কমিয়ে সঞ্চয়ের দিকে নজর দিন।

বৃষ্টির ঘাটতি মিটছেই না, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের আবহাওয়া অস্বস্তিকরই

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ঃ কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বর্ষা এলেও বৃষ্টি এখনও অধরাই। ফলে বৃষ্টির ঘাটতি দেখে দিয়েছে দক্ষিণবঙ্গে, সবচেয়ে বেশি ঘাটতি কলকাতায়। আগামী কয়েকদিনের মধ্যে বৃষ্টি না হলে এই ঘাটতি মেটা সম্ভব নয়। একই অবস্থা হাওড়া, হুগলি এবং দক্ষিণ ও উত্তর ২৪ পরগনায়। বজ্রগর্ভ মেঘ থেকে স্থানীয়ভাবে বৃষ্টি হলেও মৌসুমী বায়ু দুর্বল থাকাতে এই পরিস্থিতি। দক্ষিণবঙ্গের কোথাও কোথাও বৃষ্টি হলেও, আবহাওয়া অস্বস্তিকরই। দক্ষিণবঙ্গে নির্ধারিত সময়ের অনেক পরই প্রবেশ করেছে বর্ষা। তাও সব জেলায় এখনও প্রবেশ করেনি বর্ষা। যেখানে বর্ষা প্রবেশ করেছে, সেখানেও ছিটেফোঁটাই হচ্ছে বৃষ্টি। তাতেই ঘাটতি ও অস্বস্তি দুইই বাড়ছে। বুধবার সকালেই কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.৬ ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, দক্ষিণবঙ্গের কোথাও আগামী কিছুদিনের মধ্যে ভারী বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। তবে, উত্তরবঙ্গে ফের বৃষ্টির পরিমান বা।বে। ২৭ জুন পর্যন্ত বৃষ্টির পরিমান বা।তে পারে। দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার এই জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বসিরহাটের নির্বাচন বাতিলের দাবিতে হাই কোর্টে রেখা পাত্র

দুরন্ত বার্তা, বসিরহাট, ২৬ জুন ঃ বসিরহাটের নির্বাচন বাতিল করার অভিযোগ উঠল। অভিযোগটা তুলল রেখা পাত্র। এই অভিযোগ করার কারণ মনোনয়নে ভুল তথ্য দেওয়া। এবার বসিরহাটের জয়ী তৃণমূল প্রার্থী হাজি নুরুল ইসলামের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হলেন রেখা পাত্র। আদালতে তাঁর দাবি, মনোনয়নে তৃণমূল প্রার্থী ভুল তথ্য দিয়েছেন। এটা অন্যায়। আমি মানব না। বসিরহাটের নির্বাচন বাতিলের দাবি জানিয়েছেন তিনি। ২০০৯ সাল থেকে ২০১৪ পর্যন্ত বসিরহাটের সাংসদ ছিলেন হাজি নুরুল ইসলাম। ২০১৪ এবং ২০১৯ সালে আর তিনি লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেননি। চব্বিশের লোকসভা ভোটে ফের লড়েন হাজি নুরুল ইসলাম। মনোনয়ন পেশের পরই বিজেপি মুখপাত্র জগন্নাথ চট্টোপাধ্যায়ের দাবি ছিল, মনোনয়নের সময় নো ডিউ সার্টিফিকেট দেননি হাজি নুরুল ইসলাম। সাংবাদিক বৈঠকে তিনি বলেছিলেন, ২০১৪ সাল পর্যন্ত তাঁর সাংসদ পদ ছিল। সেসময় তাঁর বিদ্যুতের বিল, বাড়িঘর সংক্রান্ত বিল সব মেটানো আছে কি না, তার উল্লেখ করতে হয়। একই অভিযোগ ছিল রেখা পাত্রেরও। তিনিও হাজি নুরুলের প্রার্থীপদ বাতিলের দাবি তোলেন। এবার হাজি নুরুল ইসলামের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ রেখা পাত্র। বসিরহাটের নির্বাচন বাতিলের দাবি তুলে আদালতে মামলা করলেন তিনি। তাঁর কথায়, মনোনয়নে তৃণমূল প্রার্থী ভুল তথ্য দিয়েছেন। এটা অন্যায়। আমি মানব না। উল্লেখ্য, লোকসভায় সন্দেশখালি ইস্যুকে বিজেপি হাতিয়ার করতে চাইলেও লাভ হয়নি।

সহায়ক মূল্যে ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ঃ রাজ্য সরকার আগামী অক্টোবর মাস থেকে শুরু হতে চলা খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করেছে। খাদ্যমন্ত্রী রথীন ঘোষের পৌরোহিত্যে ধান কেনা নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খাদ্য দফতরের শীর্ষ কর্তাদের পাশাপশি ধানক্রয়ের সঙ্গে যুক্ত বিভিন্ন সরকারি সংস্থার আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন। রাজ্য মন্ত্রিসভার আনুষ্ঠানিক অনুমোদন পাওয়ার পর সরকারি ভাবে ধান সংগ্রহের প্রক্রিয়া শুরু হবে। অক্টোবর মাসে চাষিদের কাছ থেকে ধান কেনা শুরু হলেও চাল উপাদনের জন্য রাইস মিলগুলিকে নথিভুক্ত করার প্রক্রিয়া আগস্ট মাসের মধ্যেই শেষ করা হবে। মিলগুলি যাতে সরকারি নিয়মমত ব্যাঙ্ক গ্যারান্টি জমা করে তাও নিশ্চিত করা হবে। ধান সংগ্রহে স্বচ্ছতা বজায় রাখারও নির্দেশ দেওয়া হয়েছে। গত মরশুমে ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা রাখা হয়েছিল। এখনও পর্যন্ত ৫১ লক্ষ টন ধান সংগ্রহ করা হয়েছে।

নিউটাউনে অবৈধ দোকান উচ্ছেদ ঘিরে পুলিশের সঙ্গে খন্ডযুদ্ধ

দুরন্ত বার্তা, বসিরহাট, ২৬ জুন ঃ নিউটাউনে অবৈধ দোকান উচ্ছেদ ঘিরে ধুন্ধুমার। বুধবার সকালে পুলিশ অবৈধ দোকান সরাতে গেলে দোকান মালিকরা পুলিশের সঙ্গে প্রথমে বচসায় জড়িয়ে পরে। একইসঙ্গে দোকান ভাঙতে গেলে তারা পুলিশকে সংঘবদ্ধ হয়ে বাধা দেয়। প্রতিবাদে কোল ভবনের সামনে রাস্তায় হকারদের জমায়েত শুরু হয়। পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে বিধাননগর পুলিশের বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। ঘটনাস্থলে ডিসি নিউটাউন মানব সিংলা এবং নিউটাউন থানার আইসি কল্লোল ঘোষ এবং এনকেডিএ-এর পক্ষ থেকে মাইকিং করা হয়। সম্প্রতি ফুটপাতের উপর অবৈধ দোকান হওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তব্যের পরেই নড়েচড়ে বসে বিধান নগর পুলিশ। বুধবার দুপুরে নিউটাউন কোল ভবন সংলগ্ন ফুটপাতের উপর অবৈধ দোকানগুলোকে ভেঙে ফেলা হয় এনকেডিএ কর্তৃপক্ষ এবং নিউটাউন থানার পুলিশের পক্ষ থেকে।

ডেঙ্গু নিয়ে জেলা প্রশাসনকে নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ঃ বর্ষার মরসুমের শুরুতেই মশাবাহিত ডেঙ্গু রোগ মোকাবিলায় সব ধরনের ব্যবস্থা নিতে হবে বলে রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে আরও একবার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি নিয়ে আজ সকালে নবান্ন থেকে রাজ্যের সব জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেখানে তিনি পুরসভা ও পঞ্চায়েত এলাকায় কোথাও যেন জল না জমে তার পাশাপাশি নিকাশি ব্যবস্থা ও পরিস্কার পরিচ্ছন্নতার উপরে জোর দেওয়ার কথা বলেছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। গত বছরের পরিস্থিতি বিচার করে উত্তর চব্বিশ পরগনা, হাওড়া, হুগলি জেলাকে বিশেষ ভাবে সতর্ক থাকার কথা বলা হয়েছে।

বসিরহাটের প্রশংসায় পঞ্চমুখ মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, বসিরহাট, ২৬ জুন ঃ নবান্নের সভা ঘরে রাজ্যের পৌরসভার প্রধানদের নিয়ে আলোচনা বসেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সভায় উঠে আসে বসিরহাট পৌরসভার নাম। স্বয়ং মুখ্যমন্ত্রী বসিরহাট পৌরসভাকে ভালো কাজের স্বীকৃতি হিসাবে তুলে ধরেছেন। কিন্তু বাস্তবে সেই চিত্রটা অনেকটাই আলাদা। এমনটাই দাবি করছেন স্থানীয় বাসিন্দারা। ভারতবর্ষের দ্বিতীয় বৃহত্তম স্থল বন্দর বসিরহাটের ঘোজাডাঙ্গা সীমান্ত সেই বন্দরে হাজার হাজার পণ্য বাহী ট্রাক থেকে শুরু করে কয়েক লক্ষ সাধারণ মানুষের একমাত্র উপায় বসিরহাটের প্রাণকেন্দ্রে ইছামতি ব্রিজ। আর সেই ব্রিজে সন্ধ্যা নামতেই আঁধারে ভরে যায়, গোটা ব্রিজ জুড়ে রয়েছে একাধিক ইলেকট্রিক পোস্ট কিন্তু জলে না কোন লাইট। সাধারণ মানুষের চলতে গিয়ে বিভিন্ন বিপদের সম্মুখীন হতে হচ্ছে, তাই সাধারণ মানুষ চাইছে অবিলম্বে ব্রিজে আলোর ব্যবস্থা করা হোক।তা না হলে আগামী দিনে বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। সন্ধ্যা নামতেই একদিকে দুস্কৃতিদের আনাগোনা অন্যদিকে সাধারণ মানুষের চলতে গিয়ে কখনো হারাতে হচ্ছে প্রাণ আবার কখনো ছিনতাই এর কবলে পড়ে খোয়াতে হচ্ছে মূল্যবান সামগ্রী।

শিশু বদলের অভিযোগ

দুরন্ত বার্তা, হুগলি, ২৬ জুন ঃ হুগলির চন্দননগর হাসপাতালে আই সি ইউ এর মধ্যে শিশু বদলের অভিযোগ! ঘটনাটি ঘটেছে বুধবার সকালে সাড়ে নটা নাগাদ । ঋতু রায় নামে এক প্রসূতিকে প্রসববেদনা নিয়ে ভর্তি করে পরিবারের লোকজন। ভর্তি হওয়ার পর বারোটা নাগাদ সন্তানের জন্ম দেন প্রসূতি। পরিবারের দাবি, প্রথমে হাসপাতালের কর্মীরা তাঁদের এসে এক পুত্রসন্তানকেই দেখান। সেই অনুযায়ী স্বাক্ষরও করেন প্রসূতির স্বামী। অভিযোগ, কিন্তু তার পরমুহূর্তেই অন্য একটি কন্যা সন্তান নিয়ে এসে তাঁকে দেখিয়ে বলা হয় তার কন্যা সন্তান হয়েছে। প্রসূতির স্বামীর অভিযোগ, স্বাস্থ্যকর্মীরা তাঁর সন্তান বদল করেছেন। প্রসূতির স্বামী বলেন, আমাকে প্রথমে দেখানো হল, ছেলে হয়েছে। আর পরে দেখানো হচ্ছে মেয়ে।

হাওড়া সিটি পুলিশের উদ্যোগে মাদকবিরোধী সচেতনতা র‍্যালি

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ জুন ঃ মাদকদ্রব্যের অপব্যবহার এবং অবৈধ পাচারের বিরুদ্ধে আন্তর্জাতিক দিবস উপলক্ষে বুধবার সকালে হাওড়া সিটি পুলিশ জনসাধারণের মধ্যে বিশেষ করে যুবকদের মধ্যে মাদকের অপব্যবহারের কুফল সম্পর্কে সচেতনতা বাড়াতে এক অনুষ্ঠানের আয়োজন করে। এদিন সকালে হাওড়ার টিকিয়াপাড়ার রেবেকা স্কুল থেকে শরৎ সদন পর্যন্ত এক পদযাত্রার আয়োজন করা হয়। ওই পদযাত্রায় পুলিশ ও ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরাও অংশগ্রহণ করেন। সকলের হাতেই ছিল মাদকবিরোধী প্ল্যাকার্ড। পদযাত্রার আকর্ষণ ছিল বিভিন্ন বর্ণাঢ্য ট্যাবলো। এরপর এদিন সকালে হাওড়ার শরৎ সদনে বিশেষ আমন্ত্রিতদের উপস্থিতিতে শিক্ষার্থীদের জন্য এক সচেতনতামূলক প্রোগ্রামের আয়োজন করা হয় হাওড়া সিটি পুলিশের তরফ থেকে। এরপর বেলা সাড়ে ১০টায় শিবপুর পুলিশ লাইনস, কনফারেন্স হলে 'শুদ্ধি' কর্মসূচির তৃতীয় পর্বের অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রসঙ্গত, হাওড়া সিটি পুলিশ কর্তৃক আয়োজিত 'শুদ্ধি' কর্মসূচির মাধ্যমে মাদকের অপব্যবহারের শিকার হয়েছেন এমন মাদকাসক্ত মানুষদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। হাওড়া সিটি পুলিশ সূত্রের খবর, মাদককে না বলি, জীবনকে হ্যাঁ বলি, এই লক্ষ্যে এদিন হাওড়া সিটি পুলিশ মাদকবিরোধী পদযাত্রা ও সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করেছিল। হাওড়া থানার অন্তর্গত টিকিয়াপাড়ায় অবস্থিত রেবেকা বেলিলিয়াস ইনস্টিটিউশন থেকে শুরু হয় এদিনের মাদকবিরোধী প্রভাতী পদযাত্রা। এবং তা শেষ হয় হাওড়া ময়দানের শরৎ সদনে এসে। এই পদযাত্রায় প্রায় ২০০ জন স্কুল পড়ুয়া, এলাকার বিশিষ্ট ব্যাক্তিরা এবং হাওড়া সিটি পুলিশের পদস্থ আধিকারিকরা অংশগ্রহণ করেন। এই পদযাত্রায় উপস্থিত ছিলেন নগরপাল প্রবীণ কুমার ত্রিপাঠী, উপ নগরপাল কে শবরি রাজকুমার, এডিএম (উন্নয়ন) আজার জিয়া ও হাওড়া সিটি পুলিশের উচ্চপদস্থ পুলিশ আধিকারিকেরা।

চলন্ত ট্রেনে শিশু পাচারের ঘটনা বিরাটি স্টেশনে উত্তেজনা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ঃ বারাসাতের পর এবার বিরাটির নাম উঠে এল চেলে ধরার ঘটনায়। ছেলে ধরার অভিযোগে তুলকালাম স্টেশন চত্বর। তবে এবার শুধু আর মুখে মুখে অভিযোগ নয়, রীতিমতো হাতেনাতে ধরা পড়েছে ছেলে পাচারকারী এমনটাই সোনা গিয়েছে। অভিযোগ উঠেছে, চলন্ত ট্রেনে ব্যাগের মধ্যে করে পাচার করা হচ্ছিল একটি শিশুকে। হঠাৎ করেই তা নজরে পড়ে যায় ট্রেন যাত্রীদের। আর তারপরেই শুরু তুলকালাম কান্ড। সকাল ৮ টার দত্তপুকুর থেকে শিয়ালদাগামী দত্তপুকুর লোকালে একটি বড়সড় বাজারের ব্যাগ নিয়ে উঠেছিলেন এক মহিলা। একেতেই অফিস টাইম, তার উপরে বনগাঁ শাখার লাইনের সেই চিরাচরিত প্রবল ভিড়, এবং সেইসঙ্গে গুমোট গরম। আর এরই মধ্যে হঠাৎ করে যাত্রীরা শুনতে পান একটি বাচ্চার কান্নার আওয়াজ। কিছুক্ষণ পরেই তারা বুঝতে পারে যে আওয়াজ আসছে ব্যাগের ভেতর থেকে। সঙ্গে সঙ্গেই ছড়িয়ে পড়ে চাঞ্চল্য। ট্রেনের মধ্যেই মহিলাকে জিজ্ঞাসাবাদ শুরু করে সহযাত্রীরা। সদুত্তর নিতে না পারাতেই শুরু হয় বচসা। এরই মধ্যে ট্রেন নিউ ব্যারাকপুর, বিশরপাড়া পেরিয়ে এসে পৌঁছয় বিরাটিতে। আর সেখানেই ট্রেন থেকে নামিয়ে সন্দেহভাজন মহিলাকে তুলে দেওয়া হয় জিআরপির হাতে। তবে কিছু কিছু যাত্রীর মতে ট্রেনের মধ্যেই এক প্রস্থ গণপিটুনি দিয়ে দেওয়া হয়েছিল ওই মহিলাকে। তবে রেল জিআরপি সূত্রে জানতে পারা গিয়েছে, এই মুহূর্তে ওই মহিলাকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়েছে। কেন তিনি বাচ্চাকে ব্যাগে করে নিয়ে আসছিলেন। প্রশ্নের সদুত্তর খোঁজার চেষ্টা চলছে। সেই সঙ্গে খোঁজ চলছে বাচ্চাটির পরিচয় জানার। বাচ্চাটিকে ডাক্তার দেখানোরও ব্যবস্থা করা হয়েছে এবং তারপরে তাকে চাইল্ড হেল্প গ্রুপের মাধ্যমে সেফ হোমে পাঠানো হতে পারে বলে জিআরপি থেকে জানানো হয়েছে। সাম্প্রতিক সময়ে বারাসাতে কাজীপাড়ার শিশু খুনের ঘটনাতে রীতিমতো পরিকল্পনা করে গুজব ছড়ানো হয়েছিল বলে অভিযোগ উঠেছে। খুনি নিজেই রীতিমতো চক্রান্ত করে এই গুজব ছড়িয়েছিল। তারই প্রভাবে বারাসাত অশোকনগর হাবরা বনগাঁ গাইঘাটা সহ উত্তর ২৪ পরগনার বিস্তীর্ণ অংশে ছেলে ধরার গুজবে গণপিটুনির একাধিক ঘটনা ঘটেছে বলে অভিযোগ ঘটেছে। কিন্তু এবার চলন্ত ট্রেনে শিশু পাচারের ঘটনা হাতেনাতে ধরা পড়ে যাওয়ায় রীতিমতন চাঞ্চল্য ছড়িয়েছে।

নববারাকপুরে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মদিন পালন

দুরন্ত বার্তা, নববারাকপুর, ২৬ জুন ঃ বুধবার সকালে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৮৬ তম জন্মবার্ষিকী পালন করা হল নববারাকপুর পুরসভার ১২নং ওয়ার্ডের বঙ্কিম চ্যাটার্জি রোড স্থিত তার মর্মর মূর্তিতে। বঙ্কিমচন্দ্রের মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান পুরসভার ১২ নং ওয়ার্ডের পুর প্রতিনিধি সুদীপ ঘোষ, পুরসভার আধিকারিক প্রশান্ত চট্টোপাধ্যায়, প্রাক্তন ফুটবলার শ্যামল ঘোষ সহ ওয়ার্ডের বিশিষ্ট জনেরা।পুর প্রতিনিধি সুদীপ ঘোষ জানান বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উনিশ শতকের বাংলা ভাষার প্রথম সার্থক ঔপন্যাসিক। সারা জীবন তিনি সাহিত্য সাধনা করে গিয়েছেন এবং ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে এক বৈপ্লবিক পরিবর্তন এনেছিলেন। তিনি ছিলেন খ্যাতনামা প্রাবন্ধিক। তার রচিত আনন্দমঠ দেশবাসীর মধ্যে দেশপ্রেমে প্রেরণা জুগিয়েছিল। আনন্দমঠে তার বন্দেমাতরম গানটি ভারতের স্বাধীনতা সংগ্রামীদের মন্ত্রের মতো কাজ করেছিল। মহান মনীষির জন্মদিনে শ্রদ্ধা জানাতে পেরে আমরা নিজেরা গৌরবান্বিত হলাম। পুরসভার উদ্যোগে শহরে প্রথতিযশা ঋষি মনীষিদের জন্মদিন পালন করা হচ্ছে। তারই অঙ্গ হিসেবে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মদিনে শ্রদ্ধাঞ্জলি জানাল হল পুরসভার উদ্যোগে।

গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু, পরিবারের অভিযোগের ভিত্তিতে আটক স্বামী

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ জুন ঃহাওড়ার জগবল্লভপুরে এক গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। মঙ্গলবার বিকেলে স্থানীয় পাঁতিহাল এলাকায় শিল্পা বাগ (১৯) নামের ওই গৃহবধুর ঝুলন্ত দেহ উদ্ধার করে পুলিশ। মৃতার বাপের বাড়ির অভিযোগ মেয়েকে গলায় ফাঁস লাগিয়ে ঝুলিয়ে দিয়েছে তাঁর স্বামী ও শ্বশুরবাড়ির লোকেরা। অভিযোগের ভিত্তিতে স্বামীকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে জগবল্লভপুর থানার পুলিশ। মৃতার বাপের বাড়ির পরিবারের অভিযোগ, পারিবারিক অশান্তির জেরে শিল্পাকে তাঁর স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন মারধর করত। মঙ্গলবার সকালে ফোন করে মাকে সেকথা জানিয়েছিলেন শিল্পা। এরপর দুপুরে মেয়ের মৃত্যুর খবর পান বাপের বাড়ির লোকেরা। যদিও মৃতার স্বামী তুষার কান্তি বাগের দাবি শিল্পা আত্মহত্যা করেছে। তাঁর বক্তব্য, অভাবের সংসারে ঝামেলা হত। মঙ্গলবার তিনি সকালে কাজে বেরিয়ে গিয়েছিলেন। পরে দুপুরে বাড়িতে ফোন করেন কিন্তু স্ত্রী ফোন ধরেননি বলে তার দাবি। পরে বাড়ি ফিরে দেখেন তাঁর স্ত্রীর ঝুলন্ত দেহ। স্থানীয়রাই ঘরের ভিতর থেকে দেহ উদ্ধার করে চিকিৎসার জন্য জগবল্লভপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক শিল্পাকে মৃত বলে জানান। পুলিশ দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায়। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ অবশ্য গোটা বিষয়টা তদন্ত করে দেখবে বলে জানায়। কি ভাবে এই মৃত্যু তা নিয়ে জল্পনা চলছে।

একাধিক দাবিদাওয়া নিয়ে বিক্ষোভ হাওড়া পুরসভার অবসরপ্রাপ্ত কর্মচারীদের

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ জুন ঃ বর্ধিত পেনসন, পিএফ সহ একাধিক দাবিদাওয়া নিয়ে বুধবার বিক্ষোভ দেখালেন হাওড়া পুরসভার অবসরপ্রাপ্ত কর্মচারীরা। এদিন পুরসভার 'কফ' অর্থা কন্ট্রোলার অফ ফাইনান্স এবং চিফ অডিটরের অফিসের সামনে বিক্ষোভ দেখান তাঁরা। তাঁদের দাবি ছিল অবসরগ্রহণের পর অনেকদিন ধরেই তাঁদের বকেয়া টাকা পড়ে রয়েছে। এ ব্যাপারে পুর কর্তৃপক্ষকে জানানো হলেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। সেই কারণে এদিন ঘেরাও কর্মসূচি নেওয়া হয়। হাওড়া পুরসভার অবসরপ্রাপ্ত কর্মচারীদের পক্ষ থেকে শ্যামল কুমার রায় জানান, দীর্ঘদিন ধরে তাঁরা বকেয়া পেনশন পাচ্ছেন না। তাঁদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে। পেনশনের যা টাকা পাচ্ছেন তাতে অবসরপ্রাপ্ত কর্মচারীরা চিকিৎসার খরচ চালাতে পারছেন না। সেই কারণেই এদিন 'কফ' এবং চিফ অডিটরকে ঘেরাও কর্মসূচি নেওয়া হয়। এক আন্দোলনকারী অনুপ কুমার রায় জানান, চার পাঁচ বছর ধরে পেনশনের বকেয়া টাকা পড়ে আছে। এখনো সেই টাকা পাওয়া যায়নি। এ ব্যাপারে পুর কমিশনার, চেয়ারপার্সনকে জানানো হয়েছে। কিন্তু কিছুই হয়নি। এদিন দুপুর ১২টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত এই আন্দোলন চলে।

ডোমজুড়ে একের পর এক ছিনতাইয়ের ঘটনায় চাঞ্চল্য

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ জুন ঃ ডোমজুড়ে একের পর এক ছিনতাইয়ের ঘটনায় চাঞ্চল্য। পর পর তিন মহিলার সোনার হার, কানের দুল ছিনতাই করে চম্পট দিয়েছে দুস্কৃতীরা। বুধবার সকালের এই ঘটনায় জখম হন এক বৃদ্ধা। তাঁর কানের লতি ছিঁ।ে দুল নিয়ে চম্পট দেয় বাইকে করে আসা দুস্কৃতীরা। ডোমজু।রে পা।ুইপা।ার এই ঘটনায় আতঙ্কিত হয়ে প।নে এলাকার মানুষ। তদন্তে নেমেছে ডোমজু। থানার পুলিশ। আহত বৃদ্ধা অলোকা পা।ুই বলেন, ঘরের গেটটা খুলে ফুল তুলতে গিয়েছিলাম। তখন দুটো লোক বাইকে করে এসে আমার পিছনে দাঁড়ায়। তখন তাঁদের দেখে আমি সরে গিযে.অন্যত্র ফুল তুলছিলাম। ফের তাঁরা আমার কাছে এসে দু'কান ছিঁ।ে দুটি দুল নিয়ে চলে যায়। এই অবস্থায় শরীর খারাপ লাগে। তখন বুঝতে পারিনি কিভাবে ওরা পালালো। তারপর সঙ্গে সঙ্গে বাড়িতে ঢুকে প।ি। বৃদ্ধার ছেলে নীলকান্ত পা।ুই বলেন, মা ফুল তোলার সময.বাইকে করে দুজন আসে। মা তাদের প্রথমে দেখতে পায়নি। তারপর মায়ের সঙ্গে কথা বলছিল। কথা বলার সময়ই মায়ের কান থেকে সোনার দুল ছিঁ।ে নেয়। এলাকায.এই প্রথম এরকম ঘটনা ঘটলো। এই ঘটনায় আমরা আতঙ্কিত। শুধু মায়েরই নয.পরপর আরও দুটো ছিনতাইয়ের ঘটনা ঘটেছে বলে খবর পেয়েছি।

নেশায় পরে নাসার বিজ্ঞানীও সর্বশান্ত হয়েছেন,তাই মাদকের নেশা থেকে দূরে থাকার আহ্বান পুলিশের

দুরন্ত বার্তা,হুগলী, ২৬ জুন ঃ আজ বিশ্ব মাদক বিরোধী দিবস পালন করল চন্দননগর পুলিশ। চন্দননগর পুলিশ কমিশনারেটের হেড কোয়ার্টার চুঁচুড়া পুলিশ লাইনে স্কুল পড়ুয়া,বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন,নেশা মুক্তির কাজের সঙ্গে যুক্ত ব্যাক্তিদের নিয়ে একটি অনুষ্ঠান হয়। উপস্থিত ছিলেন চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাভলগি,ডিসি চন্দননগর ঈশানী পাল সহ পুলিশ আধিকারীকরা। পাশা পাশি রিষড়া থানা উত্তরপাড়া থানা ও কোন্নগর কানাইপুর ফারি এলাকাতেও বিশেষ ভাবে শোভাযাত্রার মাধ্যমে মানুষকে সচেতন করা হয়। পুলিশ কমিশনার বলেন,মাদকের নেশার সঙ্গে বর্তমান সময়ে দেখা যাচ্ছে মোবাইল আশক্তি, রিল তৈরীর নেশা যুব সমাজকে পেয়ে বসেছে। নেশা যদি করতেই হয় প।াশোনা, গান,খেলাধূলার,শরীর চর্চার নেশা করুন। এমনও দেখা গেছে নেশায় আশক্ত হয়ে নাসার বিজ্ঞানীও শেষ হয়ে গেছেন। তার মানে নেশা শিক্ষা অশিক্ষা নিম্ন বৃত্ত উচ্চ বৃত্ত সবার ক্ষতি করে। পুলিশ এই মাদক যাতে সহজে না পাওয়া যায় তার ব্যবস্থা করতে পারে।তবে মানুষের নিজেকেই সচেতন হতে হবে। মাদক বিরোধী ট্যাবলো উদ্বোধন করেন পুলিশ কমিশনার। স্কুল পড়ুয়া স্বেচ্ছাসেবী সংগঠন পুলিশ কর্মিদের র‍্যালি শহর প্রদক্ষিন করে।

বুধে বিপুল হ্রাস সোনা-রুপোর দামে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ জুন ঃ বুধে বিপুল হ্রাস সোনা-রুপোর দামেলা সোনা-রুপোর দাম। এদিন ২২ ক্যারেট ১০ গ্রাম সোনার দাম ২৫০ টাকা কমে বিক্রি হচ্ছে ৬৬,০০০ টাকায়। ২২ ক্যারেট ১০০ গ্রাম সোনার দাম ২৫০০ টাকা কমে বিক্রি হচ্ছে ৬,৬০,০০০ টাকা। এদিকে ২৪ ক্যারেট ১০ গ্রাম সোনার দাম ২৩০ টাকা কমে বিক্রি হচ্ছে ৭২,০০০ টাকায়। ২২ ক্যারেট ১০০ গ্রাম সোনার দাম ২৩০০ টাকা অবধি কমে বিক্রি হচ্ছে ৭,২০,০০০ টাকায়। আর ১৮ ক্যারেট ১০ গ্রাম সোনার দাম ২১০ টাকা অবধি কমে বিক্রি হচ্ছে ৫৪,০০০ টাকায়। ১৮ ক্যারেট ১০০ গ্রাম সোনার দাম ২১০০ টাকা অবধি কমে বিক্রি হচ্ছে ৫,৪০,০০ টাকা। পাশাপাশি বুধবার রুপোর দামও কমেছে। এদিন ১০০ গ্রাম রুপোর দাম ১০০ টাকা অবধি বিক্রি হচ্ছে ৯০০০ টাকায়। আর

CONSECUTIVE INVESTMENTS AND TRADING COMPANY LIMITED

Corporate Identification Number: L67120WB1982PLC035452;
Registered Office: 23, Ganesh Chandra Avenue, 3rd Floor, Kolkata, West Bengal, 700013, India
Contact Number: 033-22114457; **Website:** www.consecutiveinvestment.com; **Email ID:** info@consecutiveinvestment.com

PRE-OFFER ADVERTISEMENT AND CORRIGENDUM TO THE DETAILED PUBLIC STATEMENT UNDER REGULATION 18(7) IN TERMS OF SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (SUBSTANTIAL ACQUISITION OF SHARES AND TAKEOVERS) REGULATIONS, 2011

This Pre-Offer Advertisement cum Corrigendum to the Detailed Public Statement is issued by Swaraj Shares and Securities Private Limited, the Manager to the Offer, on behalf of Birford Enterprises Private Limited ('Acquirer') for acquisition of up to 20,81,950 fully paid-up equity shares of face value of Rs.10.00/- each, representing 26.00% of the Expanded Voting Share Capital of Consecutive Investments and Trading Company Limited ('Target Company'), at an Offer Price of Rs.20.00/- per Offer Share, payable in cash, to the Public Shareholders of the Target Company, in accordance with the provisions of Regulation 18 (7) of SEBI (SAST) Regulations ('Pre-Offer cum corrigendum to the Detailed Public Statement Advertisement').

This Pre-Offer cum corrigendum to the Detailed Public Statement Advertisement is to be read in conjunction with the: a) Public Announcement dated Wednesday, January 31, 2024 ('Public Announcement'), (b) Detailed Public Statement dated Thursday, February 01, 2024, in connection with this Offer, published on behalf of the Acquirer on Friday, February 02, 2024, in Financial Express (English daily) (All India Edition), Jansatta (Hindi daily) (All India Edition), Mumbai Lakshadweep (Marathi daily) (Mumbai Edition), and Duranto Barata (Bengali daily) Kolkata Edition ('Newspapers') ('Detailed Public Statement'), (c) Draft Letter of Offer dated Monday, February 05, 2024 filed and submitted with SEBI pursuant to the provisions of Regulation 16 (1) of the SEBI (SAST) Regulations ('Draft Letter of Offer'), (d) Letter of Offer dated Wednesday, June 19, 2024, along with the Form of Acceptance-cum-Acknowledgement ('Letter of Offer'), (e) Recommendations of the Independent Directors of the Target Company which were approved on Tuesday, June 25, 2024, and published in the Newspapers on Wednesday, June 26, 2024 ('Recommendations of the Independent Directors of the Target Company') (the Public Announcement, Detailed Public Statement, Draft Letter of Offer, Letter of Offer, Recommendations of the Independent Directors, and this Pre-Offer Advertisement cum Corrigendum to the Detailed Public Statement of the Target Company are hereinafter collectively referred to as 'Offer Documents') issued by the Manager on behalf of the Acquirer.

Public Shareholders of the Target Company are requested to kindly note the following:

For capitalized terms used hereinafter, please refer to the Paragraph 1 titled as 'Definitions and Abbreviations' on page 7 of the Letter of Offer.

A. Offer Price

The Offer is being made at a price of Rs.20.00/- per Offer Share, payable in cash and there has been no revision in the Offer Price.

B. Recommendations of the Committee of Independent Directors ('IDC')

A Committee of Independent Directors of the Target Company comprising of Mr. Kanta Bokaria, as the Chairperson of the IDC, and Mr. Subodh Kumar Jain, member of the of the IDC approved their recommendation on the Offer on Tuesday, June 25, 2024, and the said was published in the Newspapers on Wednesday, June 26, 2024. The IDC Members are of the opinion that the Offer Price to the Public Shareholders of the Target Company is fair and reasonable and is in line with SEBI (SAST) Regulations. Public Shareholders may, therefore, independently evaluate the offer and take an informed decision.

C. Other details with respect to Offer

1. This Offer is not a competing offer in terms of Regulation 20 of the SEBI (SAST) Regulations. There has been no competitive bid to the Offer.
2. The Letter of Offer has been dispatched to the Public Shareholders of the Target Company whose names appear on Thursday, June 13, 2024, being the Identified Date, on Friday, June 21, 2024, through electronic mode to all the Public Shareholders whose e-mail addresses had been registered with the Depositories/Target Company, and through registered post/ speed post to those Public Shareholders who have not registered their e-mail addresses with the Depositories/Target Company, or whose Email Addresses are inactive.
3. The Draft Letter of Offer dated Monday, February 05, 2024, was filed and submitted with SEBI pursuant to the provisions of Regulation 16 (1) of the SEBI (SAST) Regulations, for its Observations. In pursuance of which all the observations received from SEBI vide letter bearing reference number SEBI Observation letter bearing reference number 'SEBI/HO/CFD/CFD-RAC-DCR-1/P/OW/2024/19397/1' dated Tuesday, June 11, 2024, duly in terms of Regulation 16 (4) of the SEBI (SAST) Regulations upon submission of the Draft Letter of Offer are duly incorporated in the Letter of Offer. There have been no other material changes in relation to the Offer, as otherwise disclosed in the Letter of Offer.
4. Public shareholders should note that, in the Letter of Offer wherever the name of the Target Company appears as "Consecutive Investments And Trading Limited", the same should be read as "Consecutive Investments And Trading Company Limited" which is in continuation of and in conjunction with the Letter of Offer, unless otherwise specified.
5. Please note that a copy of the Letter of Offer is also available and accessible on the websites of SEBI at www.sebi.gov.in, the Target Company at www.consecutiveinvestment.com, the Registrar to the Offer at www.purvashare.com, the Manager to the Offer at www.swarajshares.com, and BSE Limited at www.bseindia.com, from which the Public Shareholders can download/print the same.

D. Instructions for Public Shareholders

a) **In case of Equity Shares are held in the Dematerialized Form:** The Public Shareholders who are holding Equity Shares in electronic/dematerialized form and who desire to tender their Equity Shares in this Offer shall approach their respective Selling Broker indicating to their Selling Broker the details of Equity Shares that such Public Shareholder intends to tender in this Offer. Public Shareholders should tender their Equity Shares before market hours close on the last day of the Tendering Period. For further information, kindly refer to the Paragraph 8.15. titled as *'Procedure for tendering Equity Shares held in Dematerialized Form'* on page 37 of the Letter of Offer.

b) **In case of Equity Shares are held in Physical Form:** As per the provisions of Regulation 40(1) of the SEBI (LODR) Regulations and SEBI's press release dated 3 December 2018, bearing reference no. PR 49/2018, requests for transfer of securities shall not be processed unless the securities are held in dematerialized form with a depository with effect from 1 April 2019. However, in accordance with the circular issued by SEBI bearing reference number SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/144 dated 31 July 2020, shareholders holding securities in physical form are allowed to tender shares in an open offer. Such tendering shall be as per the provisions of the SEBI (SAST) Regulations. Accordingly, Public Shareholders holding Equity Shares in physical form as well are eligible to tender their Equity Shares in this Offer as per the provisions of the SEBI (SAST) Regulations. Public Shareholders who are holding Equity Shares in physical form and intend to participate in the Offer will be required to approach their respective Selling Broker along with the complete set of documents for verification procedures to be carried out, including the (i) original share certificate(s), (ii) valid share transfer form(s), i.e. Form SH-4, duly filled and signed by the transferors (i.e., by all registered shareholders in same order and as per the specimen signatures registered with the Target Company) and duly witnessed at the appropriate place, (iii) self-attested copy of the shareholder's PAN Card, (iv) Form of Acceptance duly completed and signed in accordance with the instructions contained therein, by sole/joint Public Shareholders whose name(s) appears on the share certificate(s) in the same order in which they hold Equity Shares, and (v) any other relevant documents such as power of attorney, corporate authorization (including board resolution/specimen signature), notarized copy of death certificate and succession certificate or probated will, if the original shareholder has deceased, etc., as applicable. For further information, kindly refer to the Paragraph 8.14. titled as *'Procedure for tendering Equity Shares held in Physical Form'* on page 36 of the Letter of Offer.

c) **Procedure for tendering the Shares in case of non-receipt of the Letter of Offer:** Public Shareholders who have acquired Equity Shares but whose names do not appear in the records of Depositories on the Identified Date, or unregistered owners or those who have acquired Equity Shares after the Identified Date, or those who have not received the Letter of Offer, may also participate in this Offer. In case of non-receipt of the Letter of Offer, such Public Shareholders of the Target Company may download the same from the SEBI website (www.sebi.gov.in) or obtain a copy of the same from the Registrar to the Offer on providing suitable documentary evidence of holding of the Equity Shares of the Target Company. Alternatively, in case of non-receipt of the Letter of Offer, shareholders holding the Equity Shares may participate in the Offer by providing their application in plain paper in writing signed by all shareholder(s), stating name, address, number of shares held, client ID number, DP name, DP ID number, number of shares tendered and other relevant documents. Such Public Shareholders have to ensure that their order is entered in the electronic platform to be made available by Stock Exchanges before the closure of the Offer. For further information, kindly refer to the Paragraph 8.17. titled as *'Procedure for tendering Equity Shares in case of non-receipt of Letter of Offer'* on page 38 of the Letter of Offer.

E. Status of Statutory and Other Approvals

As of date, to the best of the knowledge of the Acquirer, no statutory approvals are required for the Offer except as mentioned in the Letter of Offer. For further information, kindly refer to the Paragraph 7.16. titled as *'Statutory Approvals and conditions of the Offer'* at page 33 of Letter of Offer.

F. Procedure for Acceptance and Settlement of Offer

The Open Offer will be implemented by the Acquirer through Stock Exchange mechanism made available by BSE Limited in the form of separate window ('Acquisition Window') as provided under the SEBI (SAST) Regulations, SEBI circular bearing reference number CIR/CFD/POLICYCELL/1/2015 dated 13 April 2015, as amended read along with SEBI Circular CFD/DCR2/CIR/P/2016/131 dated 9 December 2016, as amended, and SEBI Circular bearing number SEBI/HO/CFD/DCR-III/CIR/P/2021/615 dated August 13, 2021 issued by SEBI. As per SEBI Circular bearing number SEBI/HO/CFD/DCR-III/CIR/P/2021/615 dated August 13, 2021, a lien shall be marked against the shares of the shareholders participating in the tender offers. Upon finalisation of the entitlement, only accepted quantity of shares shall be debited from the demat account of the shareholders. The lien marked against unaccepted shares shall be released. The detailed procedure for tendering and settlement of shares under the revised mechanism is specified under the Paragraph 8 titled as *'Procedure for Acceptance and Settlement of the Offer'* on page 34 of the Letter of Offer.

G. Revised Schedule of Activities

Schedule of Activities	Tentative Schedule of Activities (Day and Date)	Actual Schedule of Activities (Day And Date)
Issue date of the Public Announcement	Wednesday, January 31, 2024	Wednesday, January 31, 2024
Publication date of the Detailed Public Statement in the Newspapers	Friday, February 02, 2024	Friday, February 02, 2024
Last date for filing of the Draft Letter of Offer with SEBI	Friday, February 09, 2024	Friday, February 09, 2024
Last date for public announcement for a competing offer(s)#	Monday, February 26, 2024	Monday, February 26, 2024
Last Date for receipt of comments from SEBI on the Draft Letter of Offer will be received	Tuesday, February 27, 2024	Tuesday, June 11, 2024~
Identified Date*	Thursday, February 29, 2024	Thursday, June 13,2024
Last date for dispatch of the Letter of Offer to the Public Shareholders of the Target Company whose names appear on the register of members on the Identified Date	Thursday, March 07, 2024	Friday, June 21, 2024
Last date by which a committee of the independent directors of the Target Company is required to give its recommendation to the Public Shareholders for this Offer	Wednesday, March 13, 2024	Wednesday, June 26, 2024
Last date for upward revision of the Offer Price and / or the Offer Size	Thursday, March 14, 2024	Thursday, June 27, 2024
Last date of publication of opening of Offer public announcement in the Newspapers	Thursday, March 14, 2024	Thursday, June 27, 2024
Date of commencement of Tendering Period	Friday, March 15, 2024	Friday, June 28, 2024
Date of closing of Tendering Period	Monday, April 01, 2024	Thursday, July 11, 2024
Last date of communicating the rejection/ acceptance and completion of payment of consideration or refund of Equity Shares to the Public Shareholders@	Thursday, April 18, 2024	Friday, July 26, 2024@

~The date of being in receipt of SEBI Observation Letter.

@To clarify, the actions set out above may be completed prior to their corresponding dates subject to compliance with the SEBI (SAST) Regulations. There has been no competing offer.

**Identified Date is only for the purpose of determining the names of the Public Shareholders to whom the Letter of Offer would be sent. All the public shareholders (registered or unregistered) of the Equity Shares (except the Acquirers and the promoters) are eligible to participate in this Offer any time before the closure of this Offer.*

H. Documents for Inspection

The copies of the following documents will be available for inspection at the principal place of business of the Manager to the Offer, Swaraj Shares and Securities Private Limited, located at Unit No 304, A Wing, 215 Atrium, Courtyard Marriot, Andheri East, Mumbai- 400093, Maharashtra, India on any working day between 10:00 a.m. (Indian Standard Time) and 5:00 p.m. (Indian Standard Time) during the Tendering Period commencing from Friday, June 28, 2024 to Thursday, July 11, 2024 . Further, in light of SEBI Circular SEBI/HO/CFD/DCR2/CIR/P/2020/139 dated July 27, 2020, read with SEBI Circular SEBI/CIR/CFD/DCR1/CIR/P/2020/83 dated May 14, 2020, copies of the following documents will be available for inspection to the Public Shareholders electronically during the Tendering Period. The Public Shareholders interested to inspect any of the following documents can send an email from their registered email-ids (including shareholding details and authority letter in the event the Public Shareholder is a corporate body) with a subject line ["Documents for Inspection - CITL Open Offer"], to the Manager to the Open Offer at takeover@swarajshares.com; and upon receipt and processing of the received request, access can be provided to the respective Public Shareholders for electronic inspection of documents. For further information, kindly refer to the Paragraph 10 titled as *'Documents for Inspection'* on page 45 of the Letter of Offer.

The Acquirer accepts full responsibility for the information contained in this Pre-Offer cum Corrigendum to the Detailed Public Statement Advertisement (other than such information as has been obtained from public sources or provided by or relating to and confirmed by the Target Company), and undertakes that they are aware of and will comply with their obligations under the SEBI (SAST) Regulations in respect of this Open Offer. The Acquirer will be responsible for ensuring compliance with the SEBI (SAST) Regulations. The persons signing this Pre-Offer cum Corrigendum to the Detailed Public Statement Advertisement on behalf of the Acquirer has been duly and legally authorized to sign this Letter of Offer.

This Pre-Offer Advertisement and Corrigendum to the Detailed Public Statement will also be accessible on the websites of SEBI at www.sebi.gov.in, the Target Company at www.consecutiveinvestment.com, the Registrar to the Offer at www.purvashare.com, the Manager to the Offer at www.swarajshares.com, and BSE Limited at www.bseindia.com.

Issued by the Manager to the Offer on behalf of the Acquirer

Swaraj Shares and Securities Private Limited
Unit No 304, A Wing, 215 Atrium, Near Courtyard Marriot, Andheri East, Mumbai - 400093, Maharashtra, India
Telephone Number: +91-22-69649999
Email Address: takeover@swarajshares.com
Investors Grievance Email Address: investor.relations@swarajshares.com
Website: www.swarajshares.com
Contact Person: Mr. Tanmoy Banerjee/Ms. Pankita Patel
SEBI Registration Number: INM00012980
Validity: Permanent

Date: Wednesday, June 26, 2024
Place: Mumbai

On Behalf of the Acquirer
Sd/-
Birford Enterprises Private Limited

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ২০৭ সংখ্যা, বৃহস্পতিবার, ১২ আষাঢ়, ১৪৩১

ইতিহাস প্রসিদ্ধ রেশম পথ

রেশম পথ বা সিল্করোডের জন্মদাতা চ্যাং চিয়েন। রেশমপথের নাম রেশমপথ কেন? এর উত্তর হয়তো অনেকেই খোঁজেন । মধ্য এশিয়ার এই বিখ্যাত রাজপথ পৃথিবীর অন্যতম প্রাচীন ও বৃহত্তম আন্তঃরাষ্ট্রীয় যোগাযোগ ব্যবস্থার মাঝে একটি । এই অদ্ভুত নামকরণ অপেক্ষাকৃত আধুনিককালের ও কিছুটা বিভ্রান্তকর । সিল্করোড একটি মাত্র বাণিজ্য পথের নাম নয় ।একটি নামের বেশ কয়েকটি জনপথের সমষ্টি । শুধু যে সিল্ক ও সিল্কবস্ত্রের আদান প্রদান হতো তা নয় , আরও বহু পণ্য এ পথে যাতায়াত করতো। পৃথিবীর অন্যতম ভয়াবহ জনশূন্য অঞ্চল হলো পুর্ব চৈনিক তুর্কীস্থানের টাকলামাকান , গোবী ও লপ নর এর পরিত্যক্ত মরুপ্রান্তর । প্রায় দুহাজার বছর আগে এই স্থানকে বেস্টন করে পুর্ব পশ্চিমমুখী একটি আন্তদেশীয় যোগাযোগ পথের উন্মেষ ঘটে । এই রাজপথই পরবর্তীকালে সিল্করোড নামে খ্যতি অর্জন করে । যুগে যুগে বহু বণিক , তীর্থযাত্রী , রাজবন্দী , প্রত্নসন্ধানী অভিযাত্রীদল জীবন বিপন্ন করে ভ্রমন করেছেন এই পথে । সিল্করোড সংলগ্ন পাহাড়ের পাদদেশে এক গৌরবময় সভ্যতার বিকাশ ঘটে । সেই সভ্যতাই বৌদ্ধ সভ্যতা । পাহাড় থেকে প্রবাহিত জলধারার কারণে গড়ে উঠে নানা জনপদ । আবার কালক্রমে জলের ধারা শুকিয়ে যাবার ফলে শুষ্ক বালিয়াড়ির নীচে চাপা পরে বৌদ্ধ বিহার , স্তুপ , ফ্রেস্ক্রোচিত্রে সমৃদ্ধ গুহামন্দির ও নানা ভাস্কর্য । সিল্ক রোড যতটা প্রাচীন, এর নামকরণের ইতিহাস খুবই অল্প দিনের । ১৮৭৭ সালে জার্মান ইতিহাসবিদ ও ভূগোলবিদ ফার্ডিন্যান্ড ভন রিকথোফেন প্রথম এই নামকরণ করেন। ১৩০ খ্রিস্টপূর্বে যখন চীনের হান রাজবংশ পশ্চিমের দেশগুলোতে বাণিজ্য শুরু করে তখনই এই বাণিজ্যপথের উদ্ভব ঘটে। ১৪৫৩ খ্রিস্টাব্দ পর্যন্ত চালু ছিল এই বাণিজ্যপথ। ১৪৫৩ খ্রিস্টাব্দে অটোমান সাম্রাজ্য কনস্টান্টিনোপল জয় করে ও পশ্চিমের সাথে সকল ব্যবসায়িক লেনদেন বন্ধ করে দেয়। ফলে বন্ধ হয়ে যায় এই সিল্ক রোড। নানা রকম ফল, সবজি, গবাদি পশু, নানা শস্য, চামড়া, বিভিন্ন যন্ত্রপাতি, ধর্মীয় সরঞ্জাম, চিত্রকর্ম, মূল্যবান পাথর, বিভিন্ন ধাতু ইত্যাদি লেনদেন হতো এ পথ দিয়ে। দু'স্থানের সংস্কৃতি, ভাষা, ধর্মীয় বিশ্বাস, দর্শন, জ্ঞান-বিজ্ঞানের নানা তথ্য ও আবিষ্কার ছিল এই রাজপথের লেনদেনের সবথেকে গুরুত্বপূর্ণ দিক । এই পথে বাণিজ্য বন্ধ হবার পর , পশ্চিমা প্রত্নঅনুসন্ধানকারীদের সিল্করোডের বৌদ্ধ সভ্যতার নিদর্শন গুলি লুণ্ঠনের তৎপরতা বন্ধ করার জন্য উনবিংশ শতাব্দীতে সেই অঞ্চলে প্রবেশ নিষিদ্ধ করে চীন । কিন্তু তার আগ পর্যন্ত ইউরোপের কয়েকটি দেশ বিশেষ করে ইংল্যান্ড , ফ্রান্স , সুইডেন , জার্মানী , রাশিয়া , ফিনল্যান্ড , প্রাচ্যের তাইওয়ান , দক্ষিণ কোরিয়া , জাপান ও ভারত লুপ্ত জনপদগুলির প্রত্নসম্পদ , দেয়ালচিত্র ,প্রাচীন পান্ডুলিপি, পুঁথি , ভাস্কর্য , অবৈধভাবে সংগ্রহ করে । সেসব লুণ্ঠিত প্রত্নসম্পদ আজও পৃথিবীর ১৩টি দেশে ছড়িয়ে আছে ।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

অরণ্য আর প্রকৃতি ভালোবাসতেন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। আর ভালোবাসতেন বলেই 'পথের পাঁচালী' 'আরণ্যক' 'চাঁদের পাহাড়'-এর মতো প্রকৃতিঘেঁষা কালজয়ী উপন্যাসগুলো বেরিয়েছিল। অরণ্য-প্রকৃতিকে ভালোবাসতেন বলেই প্রায়ই বন-পাহাড়ের টানে বেড়িয়ে পড়তেন। একবার ঘটল অঘটন, তাঁর জীবনের সবচেয়ে অঘটন। পাহাড়ে পূর্ণিমার চাঁদ উঁকি দিয়েছে। সেই রুপালি আগুন ঝরা রাতে তিন পথিক এগিয়ে চলেছে গাঢ় অন্ধকার ঠেলে। পুর্ণিমার উছলে পড়া আলো ওঁদের হাতছানি দেয়, ঘরছাড়া করে। চারপাশে সুনশান নীরবতা। তক্ষক কিংবা ঝিঝিরা রাতের জয়গান করে। জোনাকির দল জ্বল-নেভে সেই শাল-মহুয়ার বনে। রাতজাগা পাখিরা ডানা ঝাপটায়। কখনো কলজে কাঁপানো তীক্ষ্ণ চিৎকারে কেঁপে ওঠে বন। কখন যে বিভূভূষণে পেছনে ফেলে অন্য দুজন এগিয়ে গেছেন, তারা খেয়ালই করেননি। হঠাৎ এক আর্ত চিৎকারে থেমে যান তাঁরা। বুঝতে পারেন, বিপদে পড়েছেন বিভূতিভূষণ। পিছন দিকে ঘোরেন সঙ্গীকে খুঁজতে। বেশি দূর যেতে হয় না। পাহাড়ী ঢালে বসে পড়েছেন বিভূতি। জোৎস্নার স্লান আলোতেও স্পষ্ট দেখতে পেলেন তাঁর আতঙ্কিত চেহারা। সঙ্গীদের উপস্থিতিও লোকটা ভয় দূর করতে পারে না। ভয়ার্ত কণ্ঠে বার বার বলছেন, 'এ আমি কী দেখলাম, এ আমি কী দেখলাম!' সঙ্গী দূজন তাঁকে ধাতস্ত হওয়ার সুযোগ দিলনে। এক সময় অনেকটাই সুস্থ বোধ করলেন ভদ্রলোক। বললেন তাঁর ভয় পাওয়ার কারণ। অবিশ্বাস্য সে গল্প। সঙ্গীরা বোঝা আর না বোঝার দোলচালে। বনপথের সৌন্দর্যে আনমনা পিছিয়ে পড়েন খানিকটা লোকটা বিভূতি। ভাবেন, জোর পায়ে হেঁটে ধরবেন সঙ্গীদের। তখনই দেখতে পান একটা শবযাত্রা। একদল লোক খাটিয়া কাঁধে নিয়ে এগিয়ে চলেছে শশ্মানের দিকে। ক্ষণিকের জন্য থেমে যায় দল। কাঁধ থেকে নামায় খাটিয়া। বিভূতিভূষণ ততক্ষণে পৌঁছে গেছেন শবযাত্রীদের খুব কাছে। তাঁর ইচ্ছে হলো, মৃত লোকটার মুখ দেখবার। মৃতের মুখের কাপড় সরিয়ে দেখলেন। সর্বনাশ, এ কাকে দেখছেন! নিজের লাশ খাটিয়ায়! চোখ কচলে দেখলেন কোনো ভুল হচ্ছে কিনা। কিন্তু হুবহু নিজের চেহারা। আত্মসম্বরণ করতে পারলেন না বিভূতি। ভয় জমে গেলেন স্রেফ। শিরদাঁড়া বেয়ে চলেছে ভয়ের শীতল স্রোত। গগনবিদারী একটা চিৎকার দিলেন। ভদ্রলোকের সঙ্গী দুজন যতক্ষণ চলে এসেছেন কাছে, ততক্ষণে শবযাত্রীরা সরে পড়েছে ওখান থেকে। এ ঘটনার পর কখোনা সুস্থ্য হতে পারেননি ভদ্রলোক। মৃত্যুভয় তাঁকে তাড়িয়ে বেড়ায় প্রতিনিয়ত। ধরেই নেন ওপারের ডাক এসে গেছে।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলছেন, কেউ কেউ ঈশ্বর বিশ্বাস করেন না। তারা ঈশ্বর বিশ্বাস না করলেও নি জের মনকে বিশ্বাস করে। মনের মধ্যেই ঈশ্বর করেছেন। মনকে বিশ্বাস করা মানেই হল ভগবানকে বিশ্বাস করা। যারা ঈশ্বর বিশ্বাসন করেন না নাস্তিক বলে পরিচিতি করেন তারাই দেখতে পাওয়া ঈশ্বর বিশ্বাসী। আগে গীতা পাঠ করতে হবে। রামায়ণ মহাভারত পাঠ করতে হবে। তবেই মনকে শুদ্ধ করা সম্ভব হবে। শুনতো। এতে মন পরিস্কার থাকতো। ভক্তিভাব এসে উপস্থিত হতো। দেব দেবীর পুজো নিষ্ঠার সঙ্গে করতে হবে। তবেই ঈশ্বরের দেখা মিলবে। ঈশ্বর সবার ওপরে বসবাস করেন।

ঠাকুর রামকৃষ্ণদেব

ধর্ম মানুষকে আলোর পথ দেখাবে। সে ধর্ম হচ্ছে সেবা। সেবাই হচ্ছে পরম ধর্ম। সব ধর্মে ওপরে তার স্থান। সত্যের বিকাস করতে হবে। জ্ঞানের বিকাশ করতে হবে। প্রাণের বিকাশ করতে হবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব শক্তি হচ্ছে এই জগতের সবচেয়ে বড় শক্তি। এই শক্তিকে উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। মানুষের বিপদের সময়ে গিয়ে পাশে দাঁড়াতে হবে। মনকে সম্পদশালী করতে হবে। মা সারদা কাউকে নিরাশ করেননি। তিনি সবাইকে সমানভাবে শক্তি দিয়েছেন। শক্তিকে সঞ্চয় করে তাকে সঠিকভাবে ব্যবহার করাটা জানতে হবে। মা'ই তার উপায় বলে দেবেন। শক্তিকে কীভাবে এবং কোনও পথ ধরে এগিয়ে নিয়ে গেলে জয় আসবে তার উপায় তিনি নির্দ্ধারণ করে দেন। মা সারদা হচ্ছেন মহাশক্তি। জ্ঞান শক্তিদায়িনী। বিদ্যাং শক্তিদায়িনী। সৎ ধর্ম শক্তিদায়িনী। অধর্মের পরাজয় সুনিশ্চিত। ধর্ম সব সময়ে জয়ী হয়। অধর্মের পরাজয় ঘটে। অর্ধমকে ত্যাগ করে মানব ধর্মকে গ্রহণ করতে হবে। তবেই মানব জীবন মহৎ পথ ধরে এগোবে।

১৯৩৮ সালে বাংলার সরকার 'রফিউদ্দিন আহমেদের ডেন্টাল কলেজ' ধর্মের উর্ধ্বে থাকার অপরাধে সরকারি সাহায্য দেয়নি

রবীন্দ্র কুমার শীল

চিকিৎসা জগতে বাংলা এগিয়ে ছিল তার একটি মাত্র কারণ হচ্ছে ইংরেজ সরকারের সদচ্ছা। ভারতের প্রথম মেডিকেল কলেজ 'ক্যালকাটা মেডিকেল কলেজ' প্রতিষ্ঠা লাভ করে কলকাতায় তৎকালীন গর্ভনর জেনারেল উইলিয়াম বেন্টিঙ্কের (১৭৭৪-১৮৩৯) এক ঘোষণা বলে ১৮৩৫ সালে ২৮ জানুয়ারি বুধবার। সঙ্গে তৈরি করা হল ৩৫ দফা নিয়মাবলি। তখন কলিকাতা বিশ্ববিদ্যালয় তৈরি হয়নি। ফলে কলকাতা মেডিকেল কলেজ লণ্ডন বিশ্ববিদ্যালয়ের অধীনে। এই সময়ে ভারতে আর কোনও বিশ্ববিদ্যালয় ছিল না। মেডিকেল কলেজের প্রথম সুপারিন্টেডেন্ট এবং কিছুকাল পরে প্রথম অধ্যক্ষ হলেন ডাক্তার মাউন্টফোর্ড জোসেফ ব্রামলি। কলকাতা মেডিকেল কলেজ তৈরি করতে আগ্রহী ছিলেন ডেভিড হেয়ার। গর্ভনর জেনারেল উইলিয়াম বেন্টিঙ্ক দুটি বড় কাজ করে গিয়েছিলেন। তিনি সতীদাহ প্রথা রোধ করতে আইন প্রণয়ন এবং কলকাতা মেডিকেল কলেজ তৈরি করে ভারতের চিকিৎসা জগতের উন্নতি সাধন। আবার কলকাতা মেডিকেল কলেজে প্রথম শবব্যবচ্ছেদ করানোর ব্যাপারে তিনি উৎসাহী ছিলেন। প্রকৃত চিকিৎসক হতে গেলে শবব্যবচ্ছেদ করা খুবই প্রয়োজন। চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে ভারতের প্রথম মাইলস্টোন স্থাপন করেছিলেন ডাক্তার মধুসূদন গুপ্ত। ১৮৩৬ সালে ১০ জানুয়ারি ভারতের চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে প্রথম শবব্যবচ্ছেদ করলেন মধুসূদন গুপ্ত। ডাক্তার ব্রামলির রিপোর্ট অনুযায়ী দেখতে পাওয়া গিয়েছিল যে মেডিকেল কলেজের ক্লাস শুরু হয় ১ জুন ১৮৩৫ সালে। শুরুর সময়ে ছাত্র সংখ্যা ছিল ৪৯ জন। এবারে আমাদের একটু ঘুরে যেতে হবে। মুসলিম জগতের মানুষ হয়ে ডাক্তার তামিজ খান (১৮২৬-১৮৮২) সালে খুব নাম করেছিলেন। তখন ভাবতেই অবাক লাগে যে একজন মুসলিম ধর্মের মানুষ কলকাতা মেডিকেল কলেজের ছাত্র হয়ে সবাইকে অতিক্রম করে অসাধারণ ডাক্তারি বিদ্যায় পারদর্শিতা প্রদর্শন করতে শুরু করে দিয়েছেন। তিনি প্রথম মুসলিম মেডিকেল কলেজের ছাত্র যিনি চিকিৎসা বিজ্ঞানে গভীর পাণ্ডিত্য অর্জন করেছিলেন। ১৮ শতকে কলকাতা মেডিকেল জলেরেট ছাত্ররা বিলাত জয় করতে শুরু করে দিয়েছিল। সেই সময়ে ডাক্তার মধুসূদন গুপ্ত, তামিজ খান, সূর্যকুমার গুডিভ চক্রবর্তী, মহেন্দ্রলাল সরকার, রাধাগোবিন্দ কর, কাদম্বিনী গঙ্গোপাধ্যায়, হৈমবতী সেন, উপেন্দ্রনাথ ব্রহ্মচারি, বিধান চন্দ্র রায়, গিরীন্দ্রশেখর বসু প্রমুখ সারা ভারতের নাম করা চিকিৎসক হিসাবে পরিচিতি লাভ করতে শুরু করেছেন। এনারা শুধু নিজেদেরকে চিকিৎসা জগতের মধ্যে আবদ্ধ রাখার ইচ্ছা প্রকাশ করেননি। বরং তারা সৃষ্টি করে গিয়েছেন। নতুন নতুন সৃষ্টি করার মধ্যে দিয়ে চিকিৎসা বিজ্ঞানকে উন্নত করেছেন বলেই আজও এনারা সকলেই স্মরণীয়। কলকাতা মেডিকেল



